# বাংলাদেশ বিষয়াবলি

## বাংলাদেশ পরিচিতি

### Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **বাংলাদেশের রাষ্ট্রীয় নাম** - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ (The People's Republic of Bangladesh)।
- **বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়** - ২৬ মার্চ ১৯৭১।
- **বাংলাদেশের ভৌগোলিক সীমানা** - উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম, পূর্বে ভারতের আসাম, ত্রিপুরা ও মিজোরাম এবং মিয়ানমারের আরাকান/রাখাইন এবং চিন রাজ্য, পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ ও দক্ষিণে বঙ্গোপসাগর।
- **বাংলাদেশের বর্তমান মোট জনসংখ্যা** - ১৭ কোটি ১০ লাখ (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪)।
- **জনসংখ্যার ঘনত্ব** - প্রতি বর্গকিলোমিটারে ১১৭১ জন (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪)।
- **জনসংখ্যা বৃদ্ধির হার** - ১.৩৩% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪)।
- **প্রত্যাশিত গড় আয়ুষ্কাল** - ৭২.৩ বছর (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪)।
- **বর্তমান মাথাপিছু আয়** - ২৭৮৪ মার্কিন ডলার (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪)।
- **বাংলাদেশের শিক্ষার হার** - ৭৭.৯% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪)।
- **বাংলাদেশে সর্বোচ্চ দারিদ্র্যের হার** - বিভাগ: রংপুর, জেলা: কুড়িগ্রাম।
- **বাংলাদেশে সর্বনিম্ন দারিদ্র্যের হার** - বিভাগ: ঢাকা, জেলা: নারায়ণগঞ্জ।
- **গ্রিনিচ মান সময়ের সাথে বাংলাদেশের স্থানীয় সময়ের পার্থক্য** - GMT+6/+৬ ঘন্টা।
- **বাংলাদেশে বিরাজমান** - ক্রান্তীয় মৌসুমি জলবায়ু (বাংলাদেশের আবহাওয়া অনেকটা সমভাবাপন্ন)।
- **বাংলাদেশের রাজধানীর নাম** - ঢাকা (বাণিজ্যিক রাজধানী- চট্টগ্রাম)।
- **বাংলাদেশের বেশিরভাগ মুসলমান** - সুন্নি মুসলিম।
- **সরকার পদ্ধতি** - সংসদীয় সরকার ব্যবস্থা। মন্ত্রিপরিষদ সরকার ব্যবস্থা।
- **আইনসভার নাম** - জাতীয় সংসদ (House of the Nation)।
- **প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়** - ৭ মার্চ ১৯৭৩।
- **বাংলাদেশে ইউনিয়ন সংখ্যা** - ৪৫৭৮টি (সূত্র : স্থানীয় সরকার বিভাগ)।
- **বাংলাদেশের বিভাগের সংখ্যা** - ৮টি এবং জেলার সংখ্যা ৬৪টি।
- **বাংলাদেশে উপজেলার সংখ্যা**- ৪৯৫টি (সর্বশেষ কক্সবাজারের ঈদগাঁও, মাদারীপুরের ডাসার এবং সুনামগঞ্জের মধ্যনগর)।
- **মোট সিটি কর্পোরেশন** - ১২টি।
- **বাংলাদেশের পৌরসভার সংখ্যা**- ৩৩০টি।
- **বাংলাদেশে রেলওয়ে থানা** - ২৪টি।
- **বাংলাদেশের পুলিশ থানা**- ৬৫২টি।
- **নৌ থানা** - ১৪টি।
- **বাংলাদেশে হাইওয়ে থানা** - ৩৬টি।
- **বাংলাদেশে গ্রাম** - ৯০,০৪৯টি
- **প্রধান আমদানি দ্রব্য** - খাদ্যসামগ্রী, অপরিশোধিত তেল, শিল্পের কাঁচামাল, ভোজ্য তেল, লোহা ইত্যাদি।
- **প্রথম স্যাটেলাইট** - বঙ্গবন্ধু স্যাটেলাইট-১।
- **প্রথম সার্চ ইঞ্জিন** - পিপীলিকা।

### Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

**01. গ্রীনিচ মিন টাইম এর সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য কত?** [NU-Science : 14-15]
Ⓐ ৬ ঘন্টা Ⓑ ৭ ঘন্টা
Ⓒ ৮ ঘন্টা Ⓓ ৯ ঘন্টা
Ans Ⓐ

**02. বাংলাদেশ দারিদ্র্যের হার হলো–** [NU-Science : 13-14]
Ⓐ শতকরা ৪০ ভাগ Ⓑ শতকরা ৩৫ ভাগ
Ⓒ শতকরা ৩০ ভাগ Ⓓ শতকরা ২৪ ভাগ
Ans Ⓐ

Note : বাংলাদেশের বর্তমান দারিদ্র্যের হার ১৮.৭% (অর্থনৈতিক সমীক্ষা ২০২৪)।

### Part 3 সম্ভাব্য MCQ

**01. সেন্টমার্টিন দ্বীপের অপর নাম কী?**
Ⓐ নারিকেল বাড়ি Ⓑ নারিকেল জিনজিরা
Ⓒ নাইয়া ঘাটি Ⓓ নাটিয়া বাড়ি
Ans Ⓑ

**02. বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?**
Ⓐ চান্ডু Ⓑ পুণ্ড্র
Ⓒ প্রাচীন Ⓓ পথ
Ans Ⓑ

**03. বাংলাদেশের সর্ববৃহৎ কৃত্রিম জলাশয়টি কোথায় অবস্থিত?**
Ⓐ ঢাকা Ⓑ সিলেট
Ⓒ দিনাজপুর Ⓓ চট্টগ্রাম
Ans Ⓓ

**04. গ্রিনিচ মান সময় অপেক্ষা বাংলাদেশের সময় কত ঘন্টা আগে?**
Ⓐ ৬ ঘন্টা Ⓑ ৫ ঘন্টা
Ⓒ ৪ ঘন্টা Ⓓ ৩ ঘন্টা
Ans Ⓐ

**05. বাংলাদেশের মানুষের গড় আয়ু কত?**
Ⓐ ৭৩.৩ বছর Ⓑ ৭২.৩ বছর
Ⓒ ৭১.৪ বছর Ⓓ ৭০.৪ বছর
Ans Ⓑ

**06. বাংলাদেশের কোন শহরকে বাণিজ্যিক রাজধানী বলা হয়?**
Ⓐ সিলেট Ⓑ নারায়ণগঞ্জ
Ⓒ বরিশাল Ⓓ চট্টগ্রাম
Ans Ⓓ

**07. বাংলাদেশের অভ্যুদয় যে ধরনের রাষ্ট্রের দৃষ্টান্ত-**
Ⓐ সাম্যবাদী রাষ্ট্র Ⓑ এককেন্দ্রিক রাষ্ট্র
Ⓒ জাতিরাষ্ট্র Ⓓ পুঁজিবাদী রাষ্ট্র
Ans Ⓒ

**08. বাংলাদেশ এশিয়ার কোন অঞ্চলে অবস্থিত?**
Ⓐ পূর্ব এশিয়া Ⓑ দক্ষিণ এশিয়া
Ⓒ উত্তর এশিয়া Ⓓ পশ্চিম এশিয়া
Ans Ⓑ

**09. বাংলাদেশের কোন জেলা আসামের অংশ ছিল?**
Ⓐ সিলেট Ⓑ চট্টগ্রাম
Ⓒ কুমিল্লা Ⓓ দিনাজপুর
Ans Ⓐ



CamScanner

# অবস্থান, সীমানা ও আয়তন

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আয়তন - ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার বা ৫৬,৯৭৭ বর্গমাইল।
- আয়তনে বিশ্বে বাংলাদেশের অবস্থান - ৯৪তম; দক্ষিণ এশিয়ায়- চতুর্থ।
- জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান- ৮ম।
- গ্রিনিচ থেকে বাংলাদেশের অবস্থান - ৯০° পূর্ব দ্রাঘিমারেখা।
- বাংলাদেশের যে জেলা কর্কটক্রান্তি রেখা ও ৯০° দ্রাঘিমাংশের ছেদ বিন্দুতে অবস্থিত- ফরিদপুর।
- বাংলাদেশের যেসব জেলার ওপর দিয়ে ৯০° দ্রাঘিমা রেখা অতিক্রম করেছে - শেরপুর, জামালপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, বরিশাল, পিরোজপুর ও বরগুনা।
- বাংলাদেশের যেসব জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে - চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, রাজবাড়ি, ফরিদপুর, ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, কুমিল্লা, খাগড়াছড়ি ও রাঙ্গামাটি।
- বাংলাদেশের মোট সীমান্ত দৈর্ঘ্য - ৫ ১৩৮ কি.মি. [৪,৭১১ কি.মি. (সূত্র: মা.ভূ. ও পরিবেশ)]।
- বাংলাদেশের মোট স্থলসীমা - ৪,৪২৭ কি.মি. [৩,৯৯৫ কিমি (সূত্র: পুরাতন মা. ভূগোল)]।
- ভারতের সাথে বাংলাদেশের সীমারেখার দৈর্ঘ্য - ৪,১৫৬ কিলোমিটার [৩৭১৫ কিলোমিটার (সূত্র: মাধ্যমিক ভূগোল ও পরিবেশ)]।
- মিয়ানমারের সাথে বাংলাদেশের মোট সীমান্ত দৈর্ঘ্য - ২৭১ কিলোমিটার [২৮০ কিলোমিটার (সূত্র: মাধ্যমিক ভূগোল ও পরিবেশ]।
- আয়তনে বিশ্বে বাংলাদেশের অবস্থান - ৯৪তম।
- বাংলাদেশের মোট সমুদ্র উপকূলের দৈর্ঘ্য - ৭১১ কিলোমিটার।
- বাংলাদেশের সাথে সীমান্ত সংযোগ রয়েছে - ভারত ও মিয়ানমার দুটি দেশের।
- বাংলাদেশের মোট সীমান্ত জেলা - ৩২টি (ভারতের সাথে ৩০টি)।
- মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত সংযোগ রয়েছে - ৩টি জেলার (রাঙ্গামাটি, বান্দরবান ও কক্সবাজার)।
- ভারত ও মিয়ানমার উভয় দেশের সাথে বাংলাদেশের সীমান্ত সংযোগ রয়েছে - রাঙামাটি জেলার।
- ভারতের সাথে বাংলাদেশের মোট সীমান্ত সংযোগ রয়েছে - ৬টি বিভাগের।
- মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত সংযোগ রয়েছে - ১টি বিভাগের (চট্টগ্রাম)।
- ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত সংযোগ নেই - ঢাকা ও বরিশাল বিভাগের।
- বাংলাদেশ ও মিয়ানমারের সাথে ভারতের সীমান্ত সংযোগ রয়েছে - মিজোরাম রাজ্যের।
- ঢাকার প্রতিপাদ স্থান অবস্থিত - চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।
- বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রথম সীমান্ত হাট চালু হয় - ২৩ জুলাই ২০১১; বালিয়ামারী, কুড়িগ্রাম।
- ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় সেভেন সিস্টার্সের যে রাজ্যগুলো বাংলাদেশ সীমান্তে নয় - মণিপুর, নাগাল্যান্ড ও অরুণাচল।
- বাংলাদেশ-ভারত অমীমাংসিত সীমান্ত - ২ কিলোমিটার (ফেনী জেলার মুহুরীর চর)।

### বাংলাদেশের কিছু সীমান্তবর্তী এলাকা

| জেলা | সীমান্ত |
|---|---|
| কুড়িগ্রাম | মশালডাঙ্গা, রৌমারী, বড়াইবাড়ি, ইতালমারী, ভুরুঙ্গামারী |
| লালমনিরহাট | দহগ্রাম, আঙ্গরপোতা, বুড়িমারী, পাটগ্রাম, হাতিবান্দা |
| নীলফামারী | চিলাহাটী, ডোমার ও ডালিয়া |
| সিলেট | তামাবিল, পাদুয়া, জৈন্তাপুর, কানাইঘাট, জকিগঞ্জ, গোয়াইনঘাট |
| মৌলভীবাজার | বড়লেখা, ডোমাবাড়ি, কুলাউড়া, কমলগঞ্জ |
| ব্রাহ্মণবাড়িয়া | কসবা, আখাউড়া, আজমপুর |
| কুমিল্লা | বুড়িচং, চৌদ্দগ্রাম, বিবির বাজার |
| পঞ্চগড় | বাংলাবান্ধা, বেরুবাড়ি, তেঁতুলিয়া |
| দিনাজপুর | বিরল, হিলি, ফুলবাড়ী, বিরামপুর, হাকিমপুর |
| রাজশাহী | চারঘাট, চারগ্রাম, গোদাগাড়ি, পবা |
| সাতক্ষীরা | কলারোয়া, কৈখালী, বৈকারী, কুশাখালী, দেবহাটা, কালীগঞ্জ |
| যশোর | বেনাপোল, শার্শা, ঝিকরগাছা |
| কুষ্টিয়া | ভেড়ামারা |
| ময়মনসিংহ | কড়ইতলী, হালুয়াঘাট |
| ফেনী | বিলোনিয়া, মুহুরীগঞ্জ, ফুলগাজী |
| শেরপুর | নালিতাবাড়ি, শ্রীবর্দি, নাকুগাঁও, ঝিনাইগাতী |

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

**01. পার্বত্য চট্টগ্রাম বাংলাদেশের মোট আয়তনের কত অংশ?** [NU-Science : 13-14]
Ⓐ এক-চতুর্থাংশ Ⓑ এক-পঞ্চমাংশ
Ⓒ এক-অষ্টমাংশ Ⓓ এক-দশমাংশ **Ans D**

**02. দহগ্রাম ছিটমহল কোন জেলায় অবস্থিত?** [NU-Science : 13-14]
Ⓐ নীলফামারী Ⓑ কুড়িগ্রাম
Ⓒ লালমনিরহাট Ⓓ দিনাজপুর **Ans C**

**03. নিম্নের উল্লেখিত বাংলাদেশের কোন জেলার সংগে ভারতের সীমান্ত নেই?** [NU-Business : 13-14]
Ⓐ রাঙামাটি Ⓑ খাগড়াছড়ি
Ⓒ বান্দরবান Ⓓ শেরপুর **Ans C**

**04. বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য কয়টি?** [NU-Business : 09-10]
Ⓐ ৪টি Ⓑ ৫টি
Ⓒ ৬টি Ⓓ ৭টি **Ans B**

**05. কোথায় বাংলাদেশ, ভারত ও মায়ানমারের সীমান্ত পরস্পরকে ছুঁয়েছে?** [NU-Business : 01-02]
Ⓐ খাগড়াছড়ি Ⓑ বান্দরবন
Ⓒ রাঙ্গামাটি Ⓓ চট্টগ্রাম **Ans C**

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

**01. বাংলাদেশের অবস্থান কোথায়?** [NSTU-D : 19-20]
Ⓐ ট্রপিক অব ক্যান্সার Ⓑ ইকুয়েটর
Ⓒ আর্কটিক সার্কেল Ⓓ ট্রপিক অব ক্যাপ্রিকন **Ans A**

**02. 'মংডু' কোন দুটি দেশের সীমান্ত এলাকা-** [BSMRSTU-G : 19-20]
Ⓐ বাংলাদেশ-মায়ানমার Ⓑ বাংলাদেশ-ভারত
Ⓒ মায়ানমার-চীন Ⓓ ভারত-মায়ানমার **Ans A**

**03. মিয়ানমারের সাথে বাংলাদেশের কয়টি জেলার সীমান্ত রয়েছে?** [BSMRSTU-G : 19-20]
Ⓐ ২টি Ⓑ ৩টি
Ⓒ ৪টি Ⓓ ৫টি **Ans B**

**04. বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা কত নটিক্যাল মাইল?** [KU-B : 19-20]
Ⓐ ১০ Ⓑ ১২
Ⓒ ১৪ Ⓓ ১৬ **Ans B**



CamScanner

## Part 4 সম্ভাব্য MCQ

**01. আয়তনের দিক থেকে বাংলাদেশের বৃহত্তম ও ক্ষুদ্রতম জেলা?**
Ⓐ বান্দরবান ও মেহেরপুর Ⓑ রাঙ্গামাটি ও মেহেরপুর
Ⓒ ময়মনসিংহ ও ঝালকাঠি Ⓓ রাঙ্গামাটি ও নারায়ণগঞ্জ Ans D

**02. আয়তন অনুযায়ী বাংলাদেশের বৃহত্তম ও ক্ষুদ্রতম জেলা কোন দুটি?**
Ⓐ ঢাকা ও বগুড়া Ⓑ নোয়াখালী ও সাতক্ষীরা
Ⓒ চট্টগ্রাম ও পঞ্চগড় Ⓓ রাঙ্গামাটি ও নারায়ণগঞ্জ Ans D

**03. জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশের ক্ষুদ্রতম থানা কোনটি?**
Ⓐ শ্রীমঙ্গল Ⓑ বিমানবন্দর থানা
Ⓒ সোনাগাজী Ⓓ টঙ্গি Ans B

**04. বাংলাদেশ একটি-**
Ⓐ গণপ্রজাতন্ত্রী Ⓑ প্রজাতন্ত্র
Ⓒ ইসলামি প্রজাতন্ত্র Ⓓ গণতান্ত্রিক প্রজাতন্ত্র Ans A

**05. কোন জেলা রৌমারি ও বড়াইবাড়ি সীমান্তে অবস্থিত?**
Ⓐ নীলফামারী Ⓑ কুড়িগ্রাম
Ⓒ দিনাজপুর Ⓓ বগুড়া Ans B

**06. বাংলাদেশের সর্ব পশ্চিমে অবস্থিত জেলা-**
Ⓐ ঠাকুরগাঁও Ⓑ পঞ্চগড়
Ⓒ চাঁপাইনবাবগঞ্জ Ⓓ সাতক্ষীরা Ans C

**07. বাংলাদেশের উপর দিয়ে কোন রেখা অতিক্রম করেছে?**
Ⓐ মকরক্রান্তিরেখা Ⓑ ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা
Ⓒ বিষুব রেখা Ⓓ কোনটিই নয় Ans B

**08. টেকনাফ ও তেঁতুলিয়া কোন দুটি জেলায় অবস্থিত?**
Ⓐ চট্টগ্রাম ও কুড়িগ্রাম Ⓑ কক্সবাজার ও দিনাজপুর
Ⓒ বান্দরবান ও নীলফামারী Ⓓ কক্সবাজার ও পঞ্চগড় Ans D

**09. বাংলাদেশের সর্ব উত্তরের জেলা-**
Ⓐ তেঁতুলিয়া Ⓑ দিনাজপুর
Ⓒ পঞ্চগড় Ⓓ ঠাকুরগাঁও Ans C

**10. বাংলাদেশ ও ভারতের মোট ছিটমহল সংখ্যা কত ছিল?**
Ⓐ 172 Ⓑ 162
Ⓒ 152 Ⓓ 142 Ans B

# বাংলাদেশের ভূমিরূপ ও ভৌগোলিক পরিক্রমা

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

### বাংলাদেশের মৃত্তিকা

- মাটির প্রধান উপাদান - ৪টি। যথা- খনিজ পদার্থ, জৈব পদার্থ, পানি ও বায়ু।
- ভূ-ত্বকের সবচেয়ে ওপরের স্তর - মাটি।
- কৃষিকাজের সবচেয়ে উপযোগী মাটি - দো-আঁশ মাটি।
- বাংলাদেশে পিট মাটি দেখতে পাওয়া যায় - ফরিদপুরে।
- পচা মাটিতে উৎপন্ন হয় - মিথেন গ্যাস।
- বাংলাদেশ মৃত্তিকা গবেষণা ইনস্টিটিউট - ঢাকায় অবস্থিত।
- হিউমাস - এক প্রকার জৈব সার যা মাটির উর্বরতা বৃদ্ধি করে উদ্ভিদের বৃদ্ধিতে সহায়তা করে।
- হিউমাসের রং - গাঢ় কালো থেকে বাদামি বর্ণের।
- 'হোয়াইট ক্লে'- নেত্রকোনার বিজয়পুরে প্রাপ্ত সাদা রঙের এক ধরনের উষ্ণ মাটি।
- বাংলাদেশের মৃত্তিকার উৎপত্তি হয়েছে - টারশিয়ারি যুগের শিলা, প্লাইস্টোসিন যুগের পলল এবং সাম্প্রতিককালের অবক্ষেপ থেকে।
- প্রাকৃতিক ও রাসায়নিক গঠনের ওপর ভিত্তি করে বাংলাদেশের মাটিকে ভাগ করা যায় - পাঁচ ভাগে। যথা- ১. পাললিক, ২. পাহাড়িয়া, ৩. লোহিত/ল্যাটোসেলিক, ৪. লবণাক্ত মাটি এবং ৫. কোষ মাটি।
- পাললিক মাটি পাওয়া যায় - পদ্মা, মেঘনা, যমুনা, ব্রহ্মপুত্র নদীসমূহের শাখা ও প্রশাখা দ্বারা বাহিত পলি গঠিত সমভূমিতে।
- পাহাড়ি মাটি দেখতে পাওয়া যায় - সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামে।
- পাহাড়ি মাটির রাসায়নিক বৈশিষ্ট্য - অম্লতা।

### পাহাড়-পর্বত

- বাংলাদেশের বৃহত্তম পাহাড় - ময়মনসিংহে অবস্থিত গারো পাহাড়।
- ইউরেনিয়ামের সন্ধান পাওয়া গেছে - মৌলভীবাজারের কুলাউড়া পাহাড়ে।
- হিন্দুদের তীর্থস্থানের জন্য বিখ্যাত - চন্দ্রনাথের পাহাড় (সীতাকুণ্ড, চট্টগ্রাম)।
- দেশের সর্বোচ্চ পর্যটন কেন্দ্র - নীলগিরি পর্যটন কেন্দ্র (থানচি, বান্দরবান)।
- জৈয়ন্তিকা পাহাড় অবস্থিত - সিলেট জেলায়।
- বারিক্কা টিলা অবস্থিত - সুনামগঞ্জে।

### বাংলাদেশের দ্বীপ

- পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ - বাংলাদেশ।
- বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ - সুন্দরবন।
- বাংলাদেশের বৃহত্তম দ্বীপ/একমাত্র দ্বীপ জেলা - ভোলা (দ্বীপের রানি নামে খ্যাত)।
- বাংলাদেশে বাতিঘরের জন্য বিখ্যাত - কুতুবদিয়া দ্বীপ।
- বাংলাদেশের সর্ব দক্ষিণের স্থান ও দ্বীপ - ছেঁড়াদ্বীপ। আয়তন ৩ বর্গকিলোমিটার।
- বাংলাদেশে সক্রিয় ব-দ্বীপ আছে - নোয়াখালীর দক্ষিণে বঙ্গোপসাগরে।
- শাহবাজপুর দ্বীপ বর্তমানে - ভোলা নামে পরিচিত।
- বাংলাদেশের সক্রিয় ব-দ্বীপ অঞ্চল - বৃহত্তর ফরিদপুর ও বরিশাল অঞ্চল।
- 'অ্যালিফ্যান্ট পয়েন্ট' অবস্থিত - কক্সবাজার জেলায়।
- 'হিরণ পয়েন্ট' ও 'টাইগার পয়েন্ট' অবস্থিত - সুন্দরবনের দক্ষিণে।
- বঙ্গবন্ধু দ্বীপ অবস্থিত - সুন্দরবনের দক্ষিণে মোংলা উপজেলার দুবলার চর থেকে ১০ কিলোমিটার দক্ষিণে বঙ্গোপসাগরে অবস্থিত।

### বাংলাদেশের চর

- চর - সাধারণত নদীর গতিপ্রবাহে অথবা মোহনায় পলি সঞ্চয়নের ফলে গড়ে ওঠা ভূ-ভাগকে চর বলে। চর সাগর, মহাসাগর, হ্রদ অথবা নদীর দ্বারা বেষ্টিত ভূখণ্ড।
- বাংলাদেশে চরের সংখ্যা বেশি - যমুনা নদীতে।
- 'দুবলার চর' বিখ্যাত - মৎস্য আহরণ, শুঁটকি উৎপাদন ও উপকূলীয় সবুজ বেষ্টনীর জন্য।
- 'নির্মল চর' - রাজশাহী জেলায় বাংলাদেশ-ভারত সীমান্তে ছোট এক টুকরো জমি। জমিটির দৈর্ঘ্য ৩,০০০ ফুট এবং প্রস্থ ২০০ ফুট।

### বাংলাদেশের বিল

- বাংলাদেশের সর্ববৃহৎ বিল ও মিঠাপানির মাছের প্রধান উৎস চলন বিল, এর অবস্থান - পাবনা, নাটোর ও সিরাজগঞ্জ। করতোয়া ও আত্রাই এ বিলের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে।
- বাংলাদেশের পশ্চিমা বাহিনীর নদী বলা হয় - ডাকাতিয়া বিলকে।
- বাংলাদেশের সীমান্তবর্তী বিল - তামাবিল।
- তামাবিল অবস্থিত - সিলেট জেলায়।
- তামাবিল বিখ্যাত - ভারত থেকে কয়লা আমদানি করার জন্য।
- বাংলাদেশের যে বিল দৃশ্যত বিল নয় - তামাবিল।
- বাংলাদেশে বিলের সংখ্যা - এক হাজারেরও বেশি।
- আড়িয়াল বিল অবস্থিত - মুন্সিগঞ্জ জেলায় পদ্মা ও ধলেশ্বরী নদীর মাঝখানে।



CamScanner

## বাংলাদেশের হাওড়-বাঁওড়

- বিশাল জলাধারের নাম - হাওড়।
- বাংলাদেশে হাওড় সংখ্যা বেশি পরিলক্ষিত হয় - সিলেট অঞ্চলে।
- দেশে হাওড় আছে - ৭টি জেলায়।
- দেশে মোট হাওড়ের সংখ্যা - ৩৭৩টি। এর মধ্যে সিলেটে ১০৫, কিশোরগঞ্জে ৯৭, সুনামগঞ্জে ৯৫, নেত্রকোনায় ৫২, হবিগঞ্জে ১৪, ব্রাহ্মণবাড়িয়ায় ৭ এবং মৌলভীবাজারে ৩টি।
- সবচেয়ে ছোট হাওড় - বুরবুক হাওড় (সিলেট)।
- টাঙ্গুয়ার হাওড় অবস্থিত - সুনামগঞ্জে।
- বাংলাদেশের বৃহত্তম বাঁওড় - পোড়াপাড়া বাঁওড় (মহেশপুর, ঝিনাইদহ)।

## বঙ্গোপসাগর

- বঙ্গোপসাগরের অবস্থান – ভারত মহাসাগরের উত্তর অংশে।
- পৃথিবীর সবচেয়ে বড় Bay – বঙ্গোপসাগর।
- বঙ্গোপসাগরের ভৌগোলিক অবস্থান - পশ্চিম দিকে ভারত ও শ্রীলঙ্কা, উত্তরে বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গ, পূর্বে আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ এবং দক্ষিণে মিয়ানমার, সুমাত্রা ও ভারত মহাসাগর।
- বঙ্গোপসাগরের ভৌগোলিক আয়তন - সর্বমোট প্রায় ২২ লক্ষ বর্গকিলোমিটার।

## বাংলাদেশের সমুদ্র সৈকত

- বিশ্বের দীর্ঘতম সমুদ্র সৈকত - কক্সবাজার সমুদ্র সৈকত, বাংলাদেশ।
- কক্সবাজার সমুদ্র সৈকতের দৈর্ঘ্য - ১২০ কিলোমিটার (সূত্র-বাংলাপিডিয়া)।
- 'সাগর কন্যা' বলা হয় - কুয়াকাটা সমুদ্র সৈকতকে (পটুয়াখালী জেলা)।
- কুয়াকাটা সমুদ্র সৈকত অবস্থিত - পটুয়াখালী।
- কুয়াকাটা সমুদ্র সৈকতের দৈর্ঘ্য - ১৮ কিলোমিটার।
- সূর্যোদয় এবং সূর্যাস্ত দেখা যায় - কুয়াকাটা সমুদ্র সৈকত থেকে।
- 'পর্যটন হলিডে হোমস' অবস্থিত - কুয়াকাটায়।
- বাংলাদেশের পর্যটন রাজধানী - কক্সবাজার।

## বাংলাদেশের ঝরনা

- বাংলাদেশের একমাত্র গরম পানির ঝরনা অবস্থিত - চট্টগ্রামের সীতাকুণ্ডের চন্দ্রনাথ পাহাড়ে।
- বাংলাদেশের শীতল পানির ঝরনা অবস্থিত - হিমছড়ি পাহাড়, কক্সবাজার।
- চিতা ঝরনা অবস্থিত - মৌলভীবাজার জেলায়।
- শুভলং ঝরনা অবস্থিত - রাঙ্গামাটি জেলায়।
- জাদিপাই, নাফাখুম ও ঋজুক ঝরনা অবস্থিত - বান্দরবানে।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম– [NU-Science : 14-15]
Ⓐ সেন্ট মার্টিন্স Ⓑ সন্দ্বীপ Ⓒ হাতিয়া Ⓓ নিঝুম দ্বীপ Ans A

02. বাংলাদেশে কোন পাহাড়ে ইউরেনিয়াম পাওয়া গেছে? [NU-Science : 14-15]
Ⓐ গারো Ⓑ চন্দ্রনাথ Ⓒ লালমাই Ⓓ কুলাউড়া Ans D

03. বাংলাদেশের সর্বদক্ষিণের দ্বীপ কোনটি? [NU-Science : 02-03]
Ⓐ সন্দ্বীপ Ⓑ নিঝুম দ্বীপ
Ⓒ সেন্টমার্টিন Ⓓ দক্ষিণ তালপট্টি Ans C

04. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কি? [NU-Science : 11-12]
Ⓐ সেন্ট মার্টিন Ⓑ সন্দ্বীপ Ⓒ নিঝুম দ্বীপ Ⓓ হাতিয়া Ans A

05. বাংলাদেশের সবচেয়ে বড় দ্বীপ- [NU-Science : 08-09]
Ⓐ হাতিয়া Ⓑ ভোলা Ⓒ সেন্ট মার্টিন Ⓓ সন্দ্বীপ Ans B

06. সুন্দরবন সম্পর্কে কোন উক্তিটি সঠিক? [NU-Science : 01-02]
Ⓐ সুন্দরবন বাংলাদেশের সবচেয়ে বড় বন
Ⓑ সুন্দরবন বাংলাদেশের জাতীয় বন
Ⓒ সুন্দরবন একটি টাইডাল বন
Ⓓ উপরের সবগুলি উক্তিই সত্য Ans D

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. কোনটি বাংলাদেশের বন্যপ্রাণীর অভয়ারণ্য? [NSTU-D : 19-20]
Ⓐ চর মুন্সী Ⓑ চর জব্বার
Ⓒ চর ফ্যাশন Ⓓ চর কুকরি মুকরি Ans D

02. বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি? [HSTU-C : 19-20]
Ⓐ ভোলা Ⓑ সন্দ্বীপ
Ⓒ সেন্টমার্টিন Ⓓ হাতিয়া Ans A

03. বাংলাদেশের কোন সমুদ্র সৈকত থেকে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়? [HSTU-D : 19-20]
Ⓐ কক্সবাজার Ⓑ পতেঙ্গা
Ⓒ কুয়াকাটা Ⓓ মহেশখালী Ans C

04. রোহিঙ্গাদের সাময়িক আশ্রয়কেন্দ্রের জন্য নির্ধারিত স্থান হলো– [RUB : 19-20]
Ⓐ ভাসানচর Ⓑ চরফ্যাশন
Ⓒ চর জব্বার Ⓓ ভোলা Ans A

05. ভাষানচর দ্বীপ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [KU-B : 19-20]
Ⓐ নোয়াখালী Ⓑ কুমিল্লা
Ⓒ ফেনী Ⓓ চাঁদপুর Ans A

06. 'শুভলং' ঝরনা কোন জেলায় অবস্থিত? [BSMRSTU-E : 18-19]
Ⓐ বান্দরবান Ⓑ রাঙ্গামাটি
Ⓒ মৌলভীবাজার Ⓓ সিলেট Ans B

07. 'বগালেক' কোন জেলায় অবস্থিত? [BSMRSTU-E : 18-19]
Ⓐ রাঙ্গামাটি Ⓑ বান্দরবান
Ⓒ ঢাকা Ⓓ ফেনী Ans B

08. 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত? [NSTU-E : 18-19]
Ⓐ যমুনা নদীতে Ⓑ বঙ্গোপসাগরে
Ⓒ মেঘনার মোহনায় Ⓓ সন্দ্বীপ চ্যানেলে Ans B

09. 'Blue Economy' কোন বিষয়ের সাথে সম্পর্কিত? [JUST-E : 18-19]
Ⓐ বাজার অর্থনীতি Ⓑ সবুজ অর্থনীতি
Ⓒ সমুদ্র অর্থনীতি Ⓓ বিশ্বায়ন Ans C

## Part 4 সম্ভাব্য MCQ

01. চলনবিল কোথায়?
Ⓐ রাজশাহী Ⓑ নওগাঁ
Ⓒ পাবনা ও নাটোর Ⓓ নাটোর ও নওগাঁ Ans C

02. বাংলাদেশের সর্ব দক্ষিণের দ্বীপ কোনটি?
Ⓐ সন্দ্বীপ Ⓑ নিঝুমদ্বীপ
Ⓒ সেন্টমার্টিন Ⓓ দক্ষিণ তালপট্টি Ans C

03. বাংলাদেশের পাহাড়ী এলাকার গড় উচ্চতা কত ফুট?
Ⓐ ২০০০ Ⓑ ২০৫০ Ⓒ ৩০০০ Ⓓ ১৫০০ Ans B

04. দক্ষিণ তালপট্টি দ্বীপ নিম্নের কোন জেলায় অবস্থিত?
Ⓐ সাতক্ষীরা Ⓑ ভোলা Ⓒ নোয়াখালী Ⓓ চট্টগ্রাম Ans A

05. বাংলাদেশের সর্ববৃহৎ হাওড় কোনটি?
Ⓐ হাতিয়া Ⓑ শনির
Ⓒ টাঙ্গুয়ার Ⓓ হাকালুকি Ans D

06. সাজেক উপত্যকা কোথায় অবস্থিত?
Ⓐ খাগড়াছড়ি Ⓑ বান্দরবান
Ⓒ রাঙ্গামাটি Ⓓ কক্সবাজার Ans C



CamScanner

**07. লালমাই পাহাড় কোন জেলায় অবস্থিত?**
Ⓐ গাজীপুর Ⓑ টাঙ্গাইল Ⓒ ময়মনসিংহ Ⓓ কুমিল্লা Ans D

**08. তাজিং ডং পর্বত কোন জেলায়?**
Ⓐ রাঙামাটি Ⓑ বান্দরবান
Ⓒ খাগড়াছড়ি Ⓓ ময়মনসিংহ Ans B

**09. কোন রেখাটি বাংলাদেশকে অতিক্রম করে?**
Ⓐ বিষুব রেখা Ⓑ কর্কট ক্রান্তি
Ⓒ মকর ক্রান্তি Ⓓ ৩৮° সমাক্ষরেখা Ans B

**10. হিউমাস কী?**
Ⓐ জলবায়ু Ⓑ ভূমির উপরিভাগ
Ⓒ মাটির উর্বরতা বৃদ্ধিকারী উপাদান Ⓓ দূষণ Ans C

**11. বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?**
Ⓐ ভোলা Ⓑ সন্দীপ
Ⓒ মহেশখালী Ⓓ সেন্টমার্টিন Ans A

# আবহাওয়া ও জলবায়ু

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- বাংলাদেশ ভৌগোলিকভাবে অন্তর্গত– ক্রান্তীয় জলবায়ু অঞ্চলের।
- বাংলাদেশের জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য– মৌসুমী বায়ু।
- বাংলাদেশের উষ্ণতম জেলা– রাজশাহী (স্থান-নাটোরের লালপুর)।
- বাংলাদেশের শীতলতম জেলা– সিলেট (স্থান-শ্রীমঙ্গল, মৌলভীবাজার)।
- বাংলাদেশে সর্বোচ্চ বৃষ্টিপাত হয়– সিলেটের লালখালে।
- বাংলাদেশে সর্বনিম্ন বৃষ্টিপাত হয়– নাটোরের লালপুরে।
- ঢাকার প্রতিপাদ স্থান– চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।
- মহাকাশ গবেষণা সংস্থা Space Research and Remote Sensing Organization (SPARRSO) প্রতিষ্ঠিত হয়– ১৯৮০ সালে (এটি ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত)।
- বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ– ২০৩ সেন্টিমিটার।
- বাংলাদেশের বার্ষিক গড় তাপমাত্রা– ২৬° সেলসিয়াস।
- বাংলাদেশে আবহাওয়া কেন্দ্র– ৪টি। যথা- ঢাকা, পতেঙ্গা, কক্সবাজার ও পটুয়াখালীর খেপুপাড়া (আবহাওয়ার অফিস- ৩৫টি)।
- বাংলাদেশের ভূ-উপগ্রহ কেন্দ্রের সংখ্যা– ৪টি। যথা- রাঙ্গামাটির বেতবুনিয়া (১৯৭৫), গাজীপুরের তালিবাবাদ (১৯৮২), ঢাকার মহাখালী (১৯৯৫) এবং সিলেট (১৯৯৭) অবস্থিত।
- বাংলাদেশের স্বতন্ত্র ঋতু– বর্ষা ঋতু।
- দিবা-রাত্রি সমান থাকে– ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর।
- উত্তর গোলার্ধের সবচেয়ে বড়দিন ও ছোট রাত্রি– ২১ জুন।
- উত্তর গোলার্ধের সবচেয়ে ছোট দিন ও বড় রাত্রি– ২২ ডিসেম্বর।

## Part 2 সম্ভাব্য MCQ

**01. বাংলাদেশে কালবৈশাখী ঝড় কখন হয়?**
Ⓐ মৌসুমি বায়ু ঋতুতে Ⓑ শীতকালে
Ⓒ মৌসুমি বায়ু ঋতুর পরবর্তী সময়ে Ⓓ প্রাক- মৌসুমি বায়ু ঋতুতে Ans D

**02. SPARRSO কোন মন্ত্রণালয়ের অধীনে?**
Ⓐ শিল্প Ⓑ শিক্ষা
Ⓒ পরিবেশ Ⓓ প্রতিরক্ষা Ans D

**03. নিম্নলিখিত কোনটির ওপর বাংলাদেশ অবস্থিত?**
Ⓐ ট্রপিক অব ক্যাপ্রিকন Ⓑ ট্রপিক অব ক্যান্সার
Ⓒ ইকুয়েটর Ⓓ আর্কটিক সার্কেল Ans B

**04. গ্রিন হাউজ ইফেক্টের পরিণতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর প্রত্যক্ষ ক্ষতি হবে?**
Ⓐ উত্তাপ অনেক বেড়ে যাবে Ⓑ নিম্নভূমি নিমজ্জিত হবে
Ⓒ সাইক্লোনের প্রবণতা বাড়বে Ⓓ বৃষ্টিপাত কমে যাবে Ans B

**05. বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?**
Ⓐ অক্টোবর Ⓑ জানুয়ারি
Ⓒ মার্চ Ⓓ এপ্রিল Ans D

**06. বাংলাদেশের বৃষ্টিপাতের কতভাগ বর্ষাকালে হয়?**
Ⓐ 40% Ⓑ 60%
Ⓒ 80% Ⓓ 20% Ans C

**07. বাংলাদেশের জলবায়ুর নাম কী?**
Ⓐ নাতিশীতোষ্ণ Ⓑ নিরক্ষীয়
Ⓒ ক্রান্তীয় Ⓓ ক্রান্তীয় মৌসুমি Ans D

**08. বাংলাদেশে বার্ষিক সর্বোচ্চ গড় বৃষ্টিপাত নিম্নের কোন স্টেশনে রেকর্ড করা হয়?**
Ⓐ সিলেট Ⓑ টেকনাফ
Ⓒ কক্সবাজার Ⓓ সন্দীপ Ans A

**09. বাংলাদেশের উষ্ণতম স্থানের নাম কী?**
Ⓐ পুটিয়া, রাজশাহী Ⓑ নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
Ⓒ লালপুর, নাটোর Ⓓ ঈশ্বরদী, পাবনা Ans C

# প্রাচীন বাংলার ইতিহাস

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- 'ইতিহাসের জনক' বলে খ্যাত - হেরোডোটাস (গ্রিস)।
- 'ইতিহাস' শব্দের উৎপত্তি - গ্রিক শব্দ 'Historia' থেকে।
- সুপ্রাচীন বঙ্গদেশের সীমা উল্লেখ আছে - ড. নীহাররঞ্জন রায়ের 'বাঙ্গালীর ইতিহাস' গ্রন্থে।
- বাংলা শব্দটির উৎপত্তি - 'বঙ্গ' শব্দ থেকে (বঙ্গ এই অঞ্চলে প্রাচীনকালে বসবাসকারী একটি জনগোষ্ঠীর নাম)।
- সর্বপ্রথম 'বঙ্গ' শব্দটি পাওয়া যায় - ৩০০০ বছর পূর্বের ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে।
- সর্বপ্রথম দেশবাচক 'বাংলা' শব্দের ব্যবহার হয় - আবুল ফজলের 'আইন-ই-আকবরী' গ্রন্থে।
- বাংলার আদিম অধিবাসী - কোল, ভিল, সাঁওতাল, মুন্ডা প্রভৃতি জাতি।
- প্রাচীন বাংলার আর্থসামাজিক ইতিহাস পাওয়া যায় - সংস্কৃত সাহিত্যের দুটি সংকলনে। এগুলো হলো বিদ্যাকর সংকলিত 'সুভাষিত-রত্নকোষ' এবং শ্রীধরদাস সংকলিত 'সদুক্তি-কর্ণামৃত'।
- বাংলার বাইরে রচিত বাংলা সম্পর্কিত তথ্য সংবলিত ইতিহাস গ্রন্থগুলোর মধ্যে রয়েছে - কাজী মিনহাজ-ই-সিরাজের 'তবকাত ই-নাসিরী', খাজা আবদুল মালিক ইসামীর 'ফুতুহ-উস-সালাতীন', জিয়াউদ্দিন বারানীর 'তারিখ-ই-ফিরোজশাহী' প্রভৃতি।
- বাংলার আদি জনগোষ্ঠীর ভাষা ছিল - অস্ট্রিক।
- উপমহাদেশের নাম সর্বপ্রথম 'ইন্ডিয়া' দেন - গ্রিকগণ।
- নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত যে নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত - আদি অস্ট্রেলীয়।
- প্রাচীন সাহিত্যে যারা 'নিষাদ' নামে পরিচিত ছিল - অস্ট্রোলয়েড বা আদি অস্ট্রেলীয়।
- বাংলাদেশের প্রাচীন জাতি - দ্রাবিড়।
- সমগ্র বাঙালি জনগোষ্ঠীকে ভাগ করা যায় - ২ ভাগে - ১. প্রাক-আর্য বা অনার্য জনগোষ্ঠী ও ২. আর্য জনগোষ্ঠী।
- নেগ্রিটোদের উৎখাত করে - অস্ট্রিক জাতি।
- বাঙালি জাতি গড়ে ওঠেছে - অস্ট্রিক, দ্রাবিড় ও আর্য জাতির সংমিশ্রণে।
- বর্তমানে বাঙালি জাতির পরিচয় - সংকর জাতি হিসেবে।
- আর্যদের আদি নিবাস - ইউরাল পর্বতের দক্ষিণ কিরগিজ তৃণভূমি অঞ্চলে।
- আর্যদের প্রভাব স্থাপনের পরে বঙ্গদেশে আগমন করে - মঙ্গোলীয় বা ভোটচীনীয় জাতি।


CamScanner

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. মহাস্থানগড় কোন জেলায় অবস্থিত? [NU-Business : 12-13]
Ⓐ দিনাজপুর Ⓑ রংপুর
Ⓒ বগুড়া Ⓓ কুমিল্লা
Ans Ⓒ

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. বাংলালিপির উৎস কী? [BSMRSTU-G : 19-20]
Ⓐ সংস্কৃতলিপি Ⓑ পালিলিপি
Ⓒ ব্রাহ্মীলিপি Ⓓ গৌড়ীয়লিপি
Ans Ⓒ

02. প্রাচীনকালে বৃহত্তর নোয়াখালী জেলা অবস্থিত ছিল কোন জনপদে? [NSTU-D : 19-20]
Ⓐ গৌড় Ⓑ সমতট
Ⓒ হরিকেল Ⓓ বঙ্গ
Ans Ⓑ

03. কোন জেলা রাঢ় অঞ্চলে নয়? [BRUR-A : 19-20]
Ⓐ বর্ধমান Ⓑ নদীয়া
Ⓒ হুগলী Ⓓ মালদহ
Ans Ⓓ

## Part 4 সম্ভাব্য MCQ

01. 'কুমিল্লা' প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
Ⓐ বঙ্গ Ⓑ সমতট
Ⓒ হরিকেল Ⓓ পুণ্ড্র
Ans Ⓑ

02. 'সিলেট' প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
Ⓐ বঙ্গ Ⓑ সমতট
Ⓒ হরিকেল Ⓓ পুণ্ড্র
Ans Ⓒ

03. বাংলাদেশে আবিষ্কৃত প্রাচীনতম জনপদ কোনটি?
Ⓐ উয়ারী-বটেশ্বর Ⓑ পাহাড়পুর
Ⓒ ময়নামতি Ⓓ মহাস্থানগড়
Ans Ⓓ

04. পুণ্ড্রবর্ধনের 'পুণ্ড্র' শব্দের অর্থ হলো ?
Ⓐ আখ Ⓑ গুড়
Ⓒ ধান Ⓓ পাট
Ans Ⓐ

05. কোন রাজ্যের আগের নাম 'কামরূপ' ছিল?
Ⓐ বাংলা Ⓑ বিহার
Ⓒ উড়িষ্যা Ⓓ আসাম
Ans Ⓓ

06. বাংলাদেশের প্রাচীনতম শহর কোনটি?
Ⓐ সোনারগাঁও Ⓑ রামপাল
Ⓒ বিক্রমপুর Ⓓ পুণ্ড্র
Ans Ⓓ

07. 'বগুড়া' প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
Ⓐ বরেন্দ্র Ⓑ গৌড়
Ⓒ হরিকেল Ⓓ পুণ্ড্র
Ans Ⓓ

# প্রাচীন ভারতের সাম্রাজ্য

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- মৌর্য বংশের প্রতিষ্ঠাতা - চন্দ্রগুপ্ত মৌর্য। ৩২১ খ্রিষ্টপূর্বাব্দে চন্দ্রগুপ্ত এই সাম্রাজ্যের গোড়াপত্তন করেন।
- প্রাচীন ভারতের সর্বপ্রথম ভারতীয় সম্রাট- চন্দ্রগুপ্ত মৌর্য।
- 'মুদ্রারাক্ষস' - বিশাখা দত্ত রচিত একটি নাটক যেখানে চন্দ্রগুপ্তের সাথে মগধের রাজা নন্দের যুদ্ধকাহিনি বিবৃত রয়েছে।
- চন্দ্রগুপ্ত মৌর্য জন্মগ্রহণ করেন - পাটালিপুত্র নগরে।
- চন্দ্রগুপ্তের রাজদরবারে সেলিউকাসের পাঠানো রাষ্ট্রদূতের নাম ছিল - মেগাস্থিনিস।
- মেগাস্থিনিস তৎকালীন ভারতীয় উপমহাদেশের আর্থসামাজিক অবস্থার বর্ণনা দেন - ইন্ডিকা নামক গ্রন্থে।
- কৌটিল্য/চাণক্য বা বিষ্ণুগুপ্ত রচিত গ্রন্থের নাম - অর্থশাস্ত্র।
- কৌটিল্য/চাণক্য ছিলেন- চন্দ্রগুপ্তের মন্ত্রী ও রাজ উপদেষ্টা।
- অর্থশাস্ত্র হলো - রাজনীতি, অর্থনীতি ও কূটনীতিবিষয়ক গ্রন্থ।
- ভারতীয় উপমহাদেশে ছয় বোর্ডের রূপকার ছিলেন - চন্দ্রগুপ্ত মৌর্য।
- চন্দ্রগুপ্তের পর সিংহাসনে বসেন - বিন্দুসার (৩০০-২৭৩ খ্রিষ্টপূর্ব)।
- ইতিহাসে 'অমিত্রাঘাত' বা 'শত্রুহন্তা' নামে পরিচিত ছিলেন - বিন্দুসার।
- বিন্দুসারের পুত্রের নাম ছিল - সম্রাট অশোক।
- সম্রাট অশোক সিংহাসনে আরোহণ করেন ও শাসন করেন - ২৭২ থেকে ২৩২ খ্রিষ্টপূর্ব পর্যন্ত। মতান্তরে, ২৬৯-২৩২ খ্রিষ্টপূর্বাব্দ।
- ইতিহাসে 'চণ্ডাশোক' নামে পরিচিত ছিলেন - সম্রাট অশোক। উত্তরাধিকার যুদ্ধে তার ভ্রাতাদের নির্মমভাবে হত্যা করার জন্য এই উপাধি লাভ করেন।
- অশোকের শিলালিপি - তিন ভাগে বিভক্ত (পর্বতগাত্রে খোদিত শিলালিপি, ক্ষুদ্র শিলালিপি এবং স্তম্ভলিপি)।
- সম্রাট অশোক সিংহাসন লাভ করে গ্রহণ করেন - দেবানম-প্রিয়া-পিয়াদর্শী/দেবতাদের প্রিয়-প্রিয়দর্শী উপাধি।
- কলিঙ্গ যুদ্ধ সংঘটিত হয় - ২৬০ খ্রিষ্টপূর্বাব্দে (মতান্তরে ২৬১ খ্রিষ্টপূর্বাব্দে)।
- যে যুদ্ধের ভয়াবহতা দেখে সম্রাট অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন - কলিঙ্গ যুদ্ধ।
- সম্রাট অশোকের প্রচেষ্টায় বৌদ্ধ ধর্ম - বিশ্ব ধর্মের মর্যাদা লাভ করে।
- বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন বলা হয় - মহামতী সম্রাট অশোককে।
- উপমহাদেশে বৌদ্ধ ধর্মের প্রসার ঘটে - সম্রাট অশোকের আমলে।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা হলেন- [BSFMSTU-C : 19-20]
Ⓐ শশাঙ্ক Ⓑ গোপাল
Ⓒ ধর্মপাল Ⓓ হর্ষবর্ধন
Ans Ⓐ

02. মাৎস্যন্যায় (Matsyanayam) বলা হয়- [SUST-A : 19-20]
Ⓐ রাজা গোপালের রাজত্বকালকে
Ⓑ প্রাচীনকালে বাংলায় সৃষ্ট মৎস্যশূন্য অবস্থাকে
Ⓒ সপ্তম-অষ্টম শতকে বাংলায় নেমে আসা অরাজকতাপূর্ণ অবস্থাকে
Ⓓ বরেন্দ্র বিদ্রোহকে
Ⓔ কৈবর্ত বিদ্রোহকে
Ans Ⓒ

03. প্রাচীন গৌড়ের রাজধানী ছিল- [KU-B : 19-20]
Ⓐ পুণ্ড্রনগর Ⓑ কনৌজ
Ⓒ কর্ণাটক Ⓓ কর্ণসুবর্ণ
Ans Ⓐ

04. মৌর্য যুগে প্রদেশকে কী বলা হতো? [BRUR-A : 19-20]
Ⓐ ভুক্তি Ⓑ নগর
Ⓒ দেশ Ⓓ অহল
Ans Ⓐ


CamScanner

## Part 3 সম্ভাব্য MCQ

01. রাজা 'কণিষ্ক' কোন বংশের শাসক?
Ⓐ গুপ্ত Ⓑ মৌর্য Ⓒ কুষাণ Ⓓ দেব Ans Ⓒ

02. শশাঙ্কের রাজধানীর নাম কী?
Ⓐ পুণ্ড Ⓑ কর্ণসুবর্ণ Ⓒ চন্দ্রনগর Ⓓ গৌড় Ans Ⓑ

03. কালিদাস কার সভাকবি ছিলেন?
Ⓐ বিক্রমাদিত্যের Ⓑ সমুদ্রগুপ্তের
Ⓒ অশোকের Ⓓ লক্ষ্মণ সেনের Ans Ⓐ

04. কোন যুদ্ধের ভয়াবহ পরিণাম দেখে সম্রাট অশোক বৌদ্ধধর্ম গ্রহণ করেন? [NU-Humanities : 07-08]
Ⓐ মেবারের যুদ্ধ Ⓑ মহিশুরের যুদ্ধ
Ⓒ হিদাসপিসের যুদ্ধ Ⓓ কলিঙ্গের যুদ্ধ Ans Ⓓ

05. সম্রাট অশোক কোন বংশের শাসক ছিলেন?
Ⓐ মৌর্য Ⓑ গুপ্ত Ⓒ কুষাণ Ⓓ পাল Ans Ⓐ

06. ইবনে বতুতা কোন দেশের নাগরিক?
Ⓐ সিরিয়া Ⓑ মরক্কো
Ⓒ ব্যাবিলন Ⓓ তিউনিসিয়া Ans Ⓑ

07. বিশ্বের কোন পরিব্রাজক সোনারগাঁ ভ্রমণ করেন?
Ⓐ মার্কো পোলো Ⓑ হিউয়েন সাং
Ⓒ ইবনে বতুতা Ⓓ ফা হিয়েন Ans Ⓒ

# মধ্যযুগে উপমহাদেশ/ বাংলার রাজনৈতিক ইতিহাস

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আরবদের সিন্ধু জয়ের সময় রাজা ছিলেন - দাহির।
- গজনীর শাসনকর্তা সুলতান মাহমুদ ভারতবর্ষ আক্রমণ করেন - ১০০০ খ্রিষ্টাব্দ থেকে ১০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত মোট ১৭ বার।
- সুলতান মাহমুদ বাগদাদের খলিফা কর্তৃক গ্রহণ করেন - 'আমিন-উল-মিল্লাত' খেতাব।
- সুলতান মাহমুদের ভারত আক্রমণের উদ্দেশ্য ছিল - ধনসম্পদ লুণ্ঠন।
- সুলতান মাহমুদের রাজসভার কবি ছিলেন - ফেরদৌসি।
- সুলতান মাহমুদ সোমনাথ মন্দির আক্রমণ করেন - ১০২৬ খ্রিষ্টাব্দে।
- সুলতান মাহমুদ গজনীতে যে বৃহৎ মসজিদ নির্মাণ করেন তার নাম - 'স্বর্গীয় বধূ'।
- ফেরদৌসি রচিত গ্রন্থের নাম - শাহনামা।
- ইতিহাসে মুয়েজউদ্দিন মুহাম্মদ বিন সাম পরিচিত ছিলেন - মুহম্মদ ঘুরী নামে।
- মুহম্মদ ঘুরী গজনীর সিংহাসনে আরোহণ করেন - ১১৭৩ সালে।
- তরাইনের প্রথম যুদ্ধ ও দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয় - যথাক্রমে ১১৯১ এবং ১১৯২ সালে।
- তরাইনের এই দুটি যুদ্ধ সংঘটিত হয় - মুহম্মদ ঘুরী এবং পৃথ্বীরাজ চৌহানের মধ্যে।
- প্রাচীন বাংলার ইতিহাসের সমাপ্তি ঘটে - সেন বংশের রাজা লক্ষ্মণ সেনের পরাজয়ের মধ্য দিয়ে।
- বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠার সূচনা করেন/ প্রথম মুসলিম বিজেতা - ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি (লক্ষ্মণ সেনকে পরাজিত করার মাধ্যমে)।
- বখতিয়ার খিলজি অধিবাসী ছিলেন - আফগানিস্তানের গরমশিরের।
- বখতিয়ার খিলজি ছিলেন - একজন তুর্কি বীর।
- ভারতের প্রথম মুসলিম রাজ্য স্থাপিত হয় - সিন্ধু ও মুলতানে।
- বখতিয়ার খিলজি নদীয়ায় প্রবেশ করেন - ১৭/১৮ জন সৈন্য নিয়ে।
- বখতিয়ার খিলজি বিহার জয় করেন - ১২০৩ খ্রিষ্টাব্দে।
- বখতিয়ার খিলজি যাকে পরাজিত করে বাংলা জয় করেন - লক্ষ্মণ সেনকে (১২০৪ সালে)।
- বখতিয়ার খিলজি তাঁর রাজধানী স্থাপন করেন - দিনাজপুরের দেবকোটে।
- বখতিয়ার খিলজি মৃত্যুবরণ করেন - ১২০৬ সালে; দেবকোটে (আলী মর্দানের হাতে)।
- বাংলায় মুসলিম আধিপত্য প্রতিষ্ঠিত হয় - ত্রয়োদশ শতাব্দীতে।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. বাংলায় মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা- [NU-Science : 10-11]
Ⓐ মুহম্মদ বিন কাশিম Ⓑ বখতিয়ার খিলজী
Ⓒ হাজী শরিয়ত উল্লাহ Ⓓ তিতুমীর Ans Ⓑ

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. ভারতের শেষ মোগল সম্রাট কে ছিলেন? [HSTU-C : 19-20]
Ⓐ শাহজাহান Ⓑ আকবর
Ⓒ হুমায়ুন শাহ Ⓓ বাহাদুর শাহ Ans Ⓓ

02. বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁও-এর পত্তন করেন- [RUB : 19-20]
Ⓐ ঈসা খাঁ Ⓑ ফখরুদ্দিন মুবারক শাহ
Ⓒ সম্রাট আকবর Ⓓ আজম খান Ans Ⓐ

03. যে মুঘল সম্রাট রেঙ্গুনে নির্বাসিত হন- [RUB : 19-20]
Ⓐ প্রথম বাহাদুর শাহ Ⓑ দ্বিতীয় শাহ আলম
Ⓒ দ্বিতীয় বাহাদুর শাহ Ⓓ জাহান্দার শাহ Ans Ⓒ

04. মারাঠা শাসকদের উপাধি কী ছিল? [BRUR-A : 19-20]
Ⓐ রাজা Ⓑ পেশোয়া
Ⓒ সম্রাট Ⓓ বাদশাহ Ans Ⓑ

05. ঢাকাই মসলিন তৈরি হতো যে আমলে- [RUB : 19-20]
Ⓐ পাল Ⓑ মুঘল
Ⓒ সুলতানি Ⓓ ব্রিটিশ Ans Ⓑ

06. বাংলার প্রথম নবাব কে ছিলেন? [SHUBD-B : 19-20]
Ⓐ নবাব আলিবর্দি খান Ⓑ নবাব সিরাজ উদ-দৌলা
Ⓒ নবাব মুর্শিদ কুলি খান Ⓓ নবাব সরফরাজ খান Ans Ⓒ

07. বাংলার প্রথম স্বাধীন সুলতান কে ছিলেন? [BSMRSTU-G : 18-19]
Ⓐ শামসুদ্দীন ইলিয়াস শাহ Ⓑ ফখরুদ্দিন মুবারক শাহ
Ⓒ জহির শাহ Ⓓ মোহাম্মাদ ঘোরী Ans Ⓑ

## Part 4 সম্ভাব্য MCQ

01. বাংলা নববর্ষ 'পহেলা বৈশাখ' চালু করেছিলেন-
Ⓐ লক্ষ্মণ সেন Ⓑ বিজয় সেন
Ⓒ সম্রাট আকবর Ⓓ সম্রাট শাহজাহান Ans Ⓒ

02. রাজা গণেশ দিনাজপুরের কোন অঞ্চলের রাজা ছিলেন?
Ⓐ ভাতুড়িয়া Ⓑ একডালা
Ⓒ পাণ্ডুয়া Ⓓ লক্ষ্মণাবতী Ans Ⓒ

03. বাংলার প্রথম স্বাধীন সুলতান কে?
Ⓐ ইলিয়াস শাহ Ⓑ নাদির শাহ
Ⓒ নাসির শাহ Ⓓ ফখরুদ্দিন মোবারক শাহ Ans Ⓓ

04. সুশৃঙ্খলভাবে পরিচালনা করার জন্য সম্রাট আকবর সম্রাজ্যকে কতটি প্রদেশে ভাগ করেন?
Ⓐ ১৮টি Ⓑ ২০টি Ⓒ ১৫টি Ⓓ ১২টি Ans Ⓒ

05. ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বপ্রথম কারা ভারতে আসে?
Ⓐ পর্তুগিজ Ⓑ ব্রিটিশ
Ⓒ ফরাসি Ⓓ ওলন্দাজ Ans Ⓐ

06. বাংলা সনের প্রবর্তক কে?
Ⓐ বল্লাল সেন Ⓑ সম্রাট আকবর
Ⓒ আবুল ফজল Ⓓ বখতিয়ার খলজি Ans Ⓑ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**07. মুসলিম শাসনামলে ভারতের রাষ্ট্র ভাষা ছিল–**
Ⓐ আরবি Ⓑ ফারসি
Ⓒ উর্দু Ⓓ হিন্দি
Ans Ⓑ

**08. হিজরি সন চালু করেন কে?**
Ⓐ হযরত আলী (রা.) Ⓑ হযরত আবুবকর (রা.)
Ⓒ হযরত ওমর (রা.) Ⓓ হযরত মুহম্মদ (সা.)
Ans Ⓒ

**09. কত খ্রিষ্টাব্দে হিজরি সন চালু হয়?**
Ⓐ ৬২২ Ⓑ ৫৭০
Ⓒ ৬১০ Ⓓ ৬৩৯
Ans Ⓓ

**10. গৌড়ের নাম জান্নাতাবাদ কে রাখেন?**
Ⓐ শেরশাহ Ⓑ হুমায়ুন Ⓒ জাহাঙ্গীর Ⓓ আকবর
Ans Ⓑ

**11. ভারতবর্ষে দাস বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?**
Ⓐ সুলতান মাহমুদ Ⓑ মুহম্মদ ঘোরী
Ⓒ কুতুব উদ্দিন আইবেক Ⓓ ইলতুতমিশ
Ans Ⓒ

## উপমহাদেশে ঔপনিবেশিক শাসনের সূচনাপর্ব

### Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম ভারতবর্ষে আসে - পর্তুগিজরা।
- বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম সাম্রাজ্য স্থাপনের চেষ্টা করে - ফরাসিরা।
- ইউরোপ থেকে আফ্রিকার 'উত্তমাশা অন্তরীপ' হয়ে সমুদ্রপথে পূর্বদিকে আসার জলপথ আবিষ্কৃত হয় - ১৪৮৭ সালে (বার্থলোমিউ দিয়াজ কর্তৃক)।
- 'ভাস্কো-দা-গামা' ভারতবর্ষে প্রথম আসেন - ১৪৯৮ সালে (কালিকট বন্দরে)।
- পর্তুগিজরা বাংলায় ব্যবসা বাণিজ্য আরম্ভ করে - ১৫৮০ সাল থেকে।
- ভারতবর্ষে বাণিজ্যের উদ্দেশ্যে আসা বণিকদের শাসন করেছিল - ইংরেজরা।
- ইংরেজরা প্রথম উপমহাদেশে কুঠি স্থাপন করে - সুরাটে (১৬১২ সালে)।
- মুঘল সম্রাটের সাথে ইংরেজদের সন্ধি হয় - ১৬৬০ সালে।
- বাংলায় ইংরেজদের সাথে মুঘলদের সংঘর্ষ বাঁধে - ১৬৮৬ সালে।
- বাংলার শেষ স্বাধীন নবাব - নবাব সিরাজ-উদ-দৌলা।
- সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে আরোহণ করেন - ১৭৫৬ সালে।
- সিরাজ-উদ-দৌলা কলকাতার নাম পরিবর্তন করে রাখেন - আলীনগর।
- নবাব সিরাজ-উদ-দৌলা ফোর্ট উইলিয়াম দুর্গ দখল করেন - ১৭৫৬ সালের ২০ জুন।
- পলাশির যুদ্ধ সংঘটিত হয় - ২৩ জুন ১৭৫৭।
- বক্সারের যুদ্ধ সংঘটিত হয় - ১৭৬৪ সালে (ইংরেজ ও মীর কাশিমের মধ্যে এই যুদ্ধ সংঘটিত হয়)।
- বাংলায় 'বর্গী' নামে পরিচিত ছিল - মারাঠারা।
- ব্রিটিশ ভারতে দাস প্রথা বন্ধ করতে অবদান সবচেয়ে বেশি - লর্ড এডেনবরোর।
- ভারতে পর্তুগিজ শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন - আল বুকার্ক।
- ভারতে সর্বশেষ পর্তুগিজ ভাইসরয় - ফ্রান্সিসকো আলমিডা।
- অন্ধকূপ হত্যা কল্পকাহিনিটি রচিত হয় - ১৭৫৬ সালে (কলকাতার ফোর্ট উইলিয়ামে)।
- ইংরেজরা কলকাতা অধিকার করে - ১৭৫৭ সালের ২ জানুয়ারি।
- ইংরেজ বণিকগণ বঙ্গদেশে বাণিজ্য কেন্দ্র স্থাপন করেন - সম্রাট শাহজাহানের আমলে।

### Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

**01. বাংলা সনের প্রবর্তন কে?** [NU-Business : 10-11]
Ⓐ সম্রাট শেরশাহ Ⓑ আলাউদ্দিন হোসেন শাহ
Ⓒ সম্রাট আকবর Ⓓ সম্রাট জাহাঙ্গীর
Ans Ⓒ

**02. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা ছিলেন-** [NU-Business : 09-10]
Ⓐ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর Ⓑ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ রাজা রামমোহন রায় Ⓓ রামচন্দ্র বিদ্যা বাগিস
Ans Ⓒ

### Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

**01. 'স্বত্ব-বিলোপ নীতি' কোন গভর্নর জেনারেলের আমলে প্রণীত হয়?** [GST-B : 23-24]
Ⓐ লর্ড ক্যানিং Ⓑ লর্ড ক্লাইভ
Ⓒ লর্ড ডালহৌসি Ⓓ লর্ড রিপন
Ans Ⓒ

**02. ১৮৫৭ সালের মার্চ মাসে সর্বপ্রথম সিপাহী বিদ্রোহ সংঘটিত হয়** [SUST-A : 19-20]
Ⓐ ঝাঁসি সেনানিবাসে Ⓑ ব্যারাকপুর সেনানিবাসে
Ⓒ গোরখপুর সেনানিবাসে Ⓓ চট্টগ্রাম সেনানিবাসে
Ans Ⓑ

**03. ঢাকায় ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের স্মৃতিবিজড়িত স্থান কোনটি?** [CoU-C : 19-20]
Ⓐ সোহরাওয়ার্দী উদ্যান Ⓑ লালবাগ কেল্লা
Ⓒ বাহাদুর শাহ পার্ক Ⓓ রায়েরবাগ বধ্যভূমি
Ans Ⓒ

**04. সতীদাহ প্রথা কত সালে রহিত করা হয়?** [NSTU-E : 18-19]
Ⓐ ১৮১৯ Ⓑ ১৮২৯
Ⓒ ১৮৩৯ Ⓓ ১৮৪৯
Ans Ⓑ

**05. কোনটি ভারতে বৃটিশ শাসনের বিরুদ্ধে ছিল না?** [SUST-A : 18-19]
Ⓐ ফকির-সন্ন্যাসী বিদ্রোহ Ⓑ পলাশীর যুদ্ধ
Ⓒ ফরায়েজি আন্দোলন Ⓓ সিপাহি বিদ্রোহ
Ans Ⓒ

**06. ঢাকায় সর্বপ্রথম কবে বাংলার রাজধানী স্থাপিত হয়?** [NSTU-D : 18-19]
Ⓐ ১২০৬ সালে Ⓑ ১৩১০ সালে
Ⓒ ১৫২৬ সালে Ⓓ ১৬১০ সালে
Ans Ⓓ

**07. বাংলায় দ্বৈতশাসন (Diarchy) কে প্রবর্তন করেন?** [NSTU-D : 18-19]
Ⓐ লর্ড কর্নওয়ালিস Ⓑ লর্ড ক্লাইভ
Ⓒ নবাব মীর কাশেম Ⓓ ওয়ারেন হেস্টিংস
Ans Ⓑ

**08. সতিদাহ প্রথা রহিতকরণে কোন সমাজ সংস্কারকের ভূমিকা উল্লেখযোগ্য?** [BSMRSTU-G : 18-19]
Ⓐ সরজিনী নাইডু Ⓑ রাজা রামমোহন রায়
Ⓒ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর Ⓓ দাদা ভাই নওরোজী
Ans Ⓑ

**09. ভারতীয় উপমহাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয় কত সালে?** [NSTU-D : 18-19]
Ⓐ ১৮৫৭ Ⓑ ১৮৫৮
Ⓒ ১৮৫৯ Ⓓ ১৮৬০
Ans Ⓑ

**10. কোন আন্দোলনটি ব্রিটিশ শাসনের বিরোধী ছিল না?** [NSTU-D : 18-19]
Ⓐ অসহযোগ Ⓑ খেলাফত
Ⓒ ফরায়েজি Ⓓ আলীগড়
Ans Ⓓ

### Part 4 সম্ভাব্য MCQ

**01. সূর্যাস্ত আইন প্রবর্তিত হয় কত সালে?**
Ⓐ ১৭৫৭ Ⓑ ১৭৯৩
Ⓒ ১৮৫৭ Ⓓ ১৮৯৩
Ans Ⓑ

**02. ঢাকায় বাংলার প্রথম রাজধানী কবে স্থাপিত হয়?**
Ⓐ ১৫১০ সালে Ⓑ ১৫৯০ সালে
Ⓒ ১৬০০ সালে Ⓓ ১৬১০ সালে
Ans Ⓓ

**03. 'সতীদাহ প্রথা' রহিত হয় কোন সালে?**
Ⓐ ১৮২০ Ⓑ ১৮২১
Ⓒ ১৮২৯ Ⓓ ১৮৩০
Ans Ⓒ

**04. বাংলার প্রথম গভর্নর-জেনারেল কে ছিলেন?**
Ⓐ ওয়ারেন হেস্টিং Ⓑ লর্ড কর্নওয়ালিস
Ⓒ ক্যাম্পেন লুইন Ⓓ রবার্ট ক্লাইভ
Ans Ⓐ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

05. 'ছিয়াত্তরের মন্বন্তর' নামক ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দিয়েছিল–
Ⓐ ১৩৭৬ বঙ্গাব্দে Ⓑ ১১৭৬ বঙ্গাব্দে
Ⓒ ১৮৭৬ বঙ্গাব্দে Ⓓ ১০৭৬ বঙ্গাব্দে
Ans Ⓑ

06. তেভাগা আন্দোলনের নেত্রী ...
Ⓐ সুমিত্রা দেবী Ⓑ তারামন বিবি
Ⓒ ইলা মিত্র Ⓓ মহাশ্বেতা দেবী
Ans Ⓒ

07. প্রীতিলতা ওয়াদ্দেদার জড়িত ছিলেন..
Ⓐ ব্রিটিশ বিরোধী আন্দোলন Ⓑ তেভাগা আন্দোলনে
Ⓒ খেলাফত আন্দোলনে Ⓓ ভারত ছাড় আন্দোলনে
Ans Ⓐ

08. ভারতের কোন গর্ভনর জেনারেল দাসপ্রথার অবসান ঘটান?
Ⓐ ওয়ারেন হেস্টিংস Ⓑ লর্ড বেন্টিঙ্ক
Ⓒ লর্ড ওয়েলেসলি Ⓓ লর্ড মাউন্ট ব্যাটেন
Ans Ⓐ

# ব্রিটিশ শাসনামলে উপমহাদেশের রাজনৈতিক বিবর্তন

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

### ইন্ডিয়ান এসোসিয়েশন

- ইন্ডিয়ান এসোসিয়েশন প্রতিষ্ঠিত হয় - ১৮৭৬ সালে (সুরেন্দ্রনাথ ব্যানার্জি প্রতিষ্ঠা করেন)।
- যে আইনের মাধ্যমে ভারতীয় বিচারকদের ইউরোপীয়দের বিচার করার ক্ষমতা প্রদান করা হয়েছিল - ইলবার্ট বিলের মাধ্যমে।

### কংগ্রেস

- ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয় - ২৮ ডিসেম্বর ১৮৮৫।
- কংগ্রেসের প্রতিষ্ঠাতা - অবসরপ্রাপ্ত ইংরেজ সিভিলিয়ান অ্যালান অক্টোভিয়ান হিউম।
- কংগ্রেসের প্রথম অধিবেশন বসে - ২৮-৩১ ডিসেম্বর ১৮৮৫, মুম্বাইয়ে (সভাপতিত্ব করেন বাঙালি ব্যারিস্টার উমেশ বন্দ্যোপাধ্যায়/ব্যানার্জি)।
- কংগ্রেস যে নীতিতে ব্রিটিশ বিরোধী আন্দোলন করেছিল - অখণ্ড ভারত নীতি।

### বঙ্গভঙ্গ

- বেঙ্গল প্রেসিডেন্সিকে ভেঙে দুইটি আলাদা প্রদেশ সৃষ্টি করা হয় - ১৬ অক্টোবর ১৯০৫।
- বঙ্গভঙ্গের ফলে ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও আসামকে নিয়ে সৃষ্টি করা প্রদেশ - পূর্ববঙ্গ ও আসাম।
- 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশের রাজধানী করা হয় – ঢাকাকে।
- পশ্চিম বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে সৃষ্টি করা হয় - বাংলা প্রদেশ। এই প্রদেশের রাজধানী কলকাতা।
- বঙ্গভঙ্গ করেন – লর্ড কার্জন।
- বঙ্গভঙ্গ রদে 'রাখীবন্ধন' অনুষ্ঠান পরিকল্পনার পরামর্শ দেন – রবীন্দ্রনাথ ঠাকুর।
- বঙ্গভঙ্গের বিরোধিতা করে - সন্ধ্যা, নবশক্তি, যুগান্তর পত্রিকা।
- 'পূর্ববঙ্গ ও আসাম' প্রদেশে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় – মুসলিম।
- বঙ্গভঙ্গের ফলে সৃষ্ট বাংলার গভর্নর হন - স্যার ব্যামফিল্ড ফুলার।
- উপমহাদেশের নারীরা সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করে - স্বদেশি আন্দোলনের মধ্য দিয়ে।
- বঙ্গভঙ্গের প্রতিবাদে গড়ে ওঠে - স্বদেশি আন্দোলন (১৯০৬ সালে)।

### মুসলিম লীগ

- মুসলিম লীগ গঠিত হয় – ৩০ ডিসেম্বর ১৯০৬।
- মুসলিম লীগের প্রকৃত নাম – নিখিল ভারত মুসলিম লীগ।
- মুসলিম লীগের প্রতিষ্ঠাতা – নবাব সলিমুল্লাহ।
- মুসলিম লীগের প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন – নবাব ভিখার-উল-মূলক।
- মুসলিম লীগ গঠিত হয় – ঢাকায়।
- সর্বভারতীয় মুসলিম লীগের প্রথম সভাপতি ছিলেন - আগা খান।

### জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড

- জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটেছিল - পাঞ্জাবের অমৃতসরে (১৩ এপ্রিল ১৯১৯)।
- জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটানো হয়েছিল - জেনারেল ডায়ারের নির্দেশে।
- 'জালিয়ানওয়ালাবাগ' হত্যাকাণ্ডের প্রতিবাদে ব্রিটিশ সরকার প্রদত্ত 'নাইট' উপাধি ত্যাগ করেন - রবীন্দ্রনাথ ঠাকুর।

### খিলাফত আন্দোলন

- খিলাফত আন্দোলনের সময়সীমা - ১৯১৯ থেকে ১৯২৪ সাল পর্যন্ত। এটি ভারতীয় জাতীয়তাবাদের প্রভাবে উদ্ভূত একটি প্যান ইসলামি আন্দোলন।
- তুরস্কের সমর্থনে বিশ্বের বিভিন্ন স্থানে শুরু হয়েছিল - খিলাফত আন্দোলন।
- মুসলিমদের ঐক্যবদ্ধ ব্রিটিশ বিরোধী আন্দোলন - খিলাফত আন্দোলন।
- খিলাফত আন্দোলনের অন্যতম প্রধান নেতা ছিলেন - মাওলানা মোহাম্মদ আলী, মাওলানা শওকত আলী ও মাওলানা আবুল কালাম আজাদ।
- 'খিলাফত দিবস' পালিত হয় - ১৭ অক্টোবর।

### অসহযোগ আন্দোলন

- অহিংসা ও অসহযোগ আন্দোলনের জনক - মহাত্মা গান্ধী (প্রকৃত নাম মোহনদাস করমচাঁদ গান্ধী)।
- দক্ষিণ আফ্রিকায় সত্যাগ্রহ আন্দোলন পরিচালনা করেন - মহাত্মা গান্ধী।
- ভারতের রাজনীতিতে গান্ধী প্রবেশ করেন - ১৯১৭ সালে।
- অসহযোগ আন্দোলনের সময়কাল ছিল - ১৯২০ থেকে ১৯২২ সাল।
- অসহযোগ আন্দোলনের মূল উদ্দেশ্য ছিল - অহিংস আন্দোলনের মাধ্যমে ব্রিটিশ সরকারের কাছ থেকে জনসাধারণের অধিকার আদায় করা।
- অসহযোগ আন্দোলন বন্ধ করে দেন - মহাত্মা গান্ধী।
- বিশ্ব অহিংসা দিবস - ২ অক্টোবর (মহাত্মা গান্ধীর জন্মদিন)।

### তেতাল্লিশের দুর্ভিক্ষ/পঞ্চাশের মন্বন্তর

- পঞ্চাশের মন্বন্তর নামে পরিচিত - ১৯৪৩ সালের দুর্ভিক্ষ।
- পঞ্চাশের এই মন্বন্তর সংঘটিত হয় বাংলা - ১৩৫০ সালে।
- ১৯৪৩ এর দুর্ভিক্ষে মৃতের সংখ্যা ছিল - ৩৫ থেকে ৩৮ লক্ষ লোক।
- পঞ্চাশের মন্বন্তরের অন্যতম কারণ ছিল - দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং তার ফলশ্রুতিতে চাল আমদানি বন্ধ।
- পঞ্চাশের মন্বন্তর নিয়ে শিল্পাচার্য জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম - ম্যাডোনা-৪৩।

### ভারত বিভাগপূর্ব রাজনীতির গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ক্ষুদিরামের ফাঁসি হয়েছিল - কিংস ফোর্ডকে হত্যা প্রচেষ্টার জন্য(১৯০৮ সালে)।
- ১৯০৯ সালের ভারত সংস্কার আইন পরিচিত ছিল - মর্লি-মিন্টো সংস্কার আইন নামে। এই আইন দ্বারা মুসলমানদের পৃথক প্রতিনিধিত্বের অধিকার স্বীকৃত হয়।
- বাংলায় সশস্ত্র আন্দোলনের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা - চট্টগ্রামে অস্ত্রাগার লুণ্ঠন (১৯৩০ সালে)।
- গোল টেবিল বৈঠক অনুষ্ঠিত হয় - লন্ডনে (১৯৩১)।
- নিখিল ভারত মুসলিম কনফেডারেশন গঠনের প্রস্তাব করেন - নবাব সলিমুল্লাহ (১৯০৬ সালে)।
- হিন্দু-মুসলমানদের মধ্যে ঐক্য প্রতিষ্ঠিত হয় - লক্ষ্ণৌ চুক্তির মাধ্যমে।
- লক্ষ্ণৌ চুক্তি স্বাক্ষরিত হয় - ১৯১৬ সালে।
- লক্ষ্ণৌ চুক্তিতে মুসলমানদের পক্ষে স্বাক্ষর করেন - এ কে ফজলুল হক।
- ১৯১৯ সালের ভারত শাসন আইন পরিচিত ছিল - মন্টেগু-চেমসফোর্ড সংস্কার আইন নামে।



CamScanner

- ব্রিটিশ সরকার রাওলাট আইন পাশ করে - ১৯১৯ সালে। এই আইনের প্রতিবাদে ভারতের সর্বস্তরের জনগণ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বিক্ষুব্ধ হয়ে ওঠে।
- চট্টগ্রাম পাহাড়তলী রেলওয়ে ক্লাব আক্রমণ হয়েছিল - প্রীতিলতা ওয়াদ্দেদারের নেতৃত্বে।
- সাইমন কমিশনের রিপোর্ট প্রকাশিত হয় - ১৯৩০ সালে (১৯২৭ সালে গঠিত এই কমিশনের সদস্য ছিলেন ৮ জন)।
- ভারতবর্ষে অফিস আদালত ও শিক্ষায় ইংরেজি চালু হয় - ১৮৩৫ সালে।
- ভারত শাসন আইন পাশ হয় - ১৯৩৫ সালে।
- ভারত শাসন আইনের মুখ্য উদ্দেশ্য - প্রদেশগুলোকে স্বায়ত্তশাসন প্রদান।
- ব্রিটিশ ভারতে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় - ১৯৩৭ সালে।
- ১৯৩৭ সালের নির্বাচনে ফজলুল হকের নির্বাচনি প্রতীক ছিল - হুক্কা।
- ১৯৩৭ সালের নির্বাচনে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হয় - কৃষক প্রজা পার্টি ও মুসলিম লীগের মধ্যে।
- ১৯৩৭ সালের নির্বাচনে মুসলিম লীগের প্রাপ্ত আসন সংখ্যা - ৪০টি।
- অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন - এ কে ফজলুল হক।
- এ কে ফজলুল হক নেতা ছিলেন - কৃষক প্রজা পার্টির।
- কৃষক প্রজা পার্টির মূল দাবি ছিল - বিনা ক্ষতিপূরণে জমিদারি প্রথার অবসান।
- এ কে ফজলুল হকের নেতৃত্বে গঠিত কোয়ালিশন মন্ত্রিসভার সদস্য সদস্য ছিল - ১১ জন (৬ জন মুসলিম ও ৫ জন হিন্দু)।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. মোহামেডান লিটারারি সোসাইটি প্রতিষ্ঠা করেন– [NU-Science : 10-11]
Ⓐ আমীর আলী Ⓑ নবাব আবদুল লতিফ
Ⓒ স্যার সৈয়দ আহমদ খান Ⓓ খাজা আবদুল গণি **Ans B**

02. হাজী শরিয়তউল্লাহ কোন আন্দোলনের নেতা ছিলেন? [NU-Science : 09-10]
Ⓐ ফরায়েজী আন্দোলন Ⓑ ফকির সন্ন্যাসীদের আন্দোলন
Ⓒ ওহাবী আন্দোলন Ⓓ আলীগড় আন্দোলন **Ans A**

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. কোন ঘটনার প্রতিবাদে রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট' উপাধি প্রত্যাখ্যান করেন? [GST-B : 22-23]
Ⓐ বিবিঘর হত্যাকাণ্ড Ⓑ জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড
Ⓒ জম্মু হত্যাকাণ্ড Ⓓ বিহার হত্যাকাণ্ড **Ans B**

02. 'ভারত শাসন আইন' কবে রাজকীয় সম্মতি লাভ করে? [GST-B : 22-23]
Ⓐ ২ আগস্ট ১৯৩৫ Ⓑ ২৫ আগস্ট ১৯৩৫
Ⓒ ৭ নভেম্বর ১৯৩১ Ⓓ ১২ নভেম্বর ১৯৩১ **Ans A**

03. বঙ্গভঙ্গ-এর প্রতিক্রিয়ায় গড়ে ওঠা আন্দোলনের নাম কী? [GST-B : 21-22]
Ⓐ খেলাফত আন্দোলন Ⓑ অসহযোগ আন্দোলন
Ⓒ ওয়াহাবি আন্দোলন Ⓓ স্বদেশী আন্দোলন **Ans D**

04. বেঙ্গল প্যাক্ট কী? [GST-B : 21-22]
Ⓐ একটি চুক্তি Ⓑ রাজনৈতিক দল
Ⓒ কারখানার নাম Ⓓ একটি বিশ্ববিদ্যালয় **Ans A**

05. ঐতিহাসিক লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? [SHUBD-B : 19-20]
Ⓐ মোহাম্মদ আলী জিন্নাহ Ⓑ শেরে বাংলা এ কে ফজলুল হক
Ⓒ শহীদ সোহরাওয়ার্দী Ⓓ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **Ans B**

06. বঙ্গভঙ্গ রদ করেন কে? [BSMRSTU-E : 18-19]
Ⓐ লর্ড কার্জন Ⓑ লর্ড হার্ডিঞ্জ
Ⓒ লর্ড ডালহৌসি Ⓓ লর্ড ওয়েলেসলি **Ans B**

## Part 4 সম্ভাব্য MCQ

01. ফকির-সন্ন্যাসী বিদ্রোহের নেতা ছিলেন–
Ⓐ রানী ভবানী Ⓑ ফকির মজনু শাহ
Ⓒ ফকির লালন শাহ Ⓓ ফকির আলমগীর **Ans B**

02. মাস্টার দা সূর্য সেন চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন করেন–
Ⓐ ১৮ই জুন ১৯৩০ Ⓑ ১২ই জানুয়ারি ১৯৩৪
Ⓒ ১৮ই এপ্রিল ১৯৩৪ Ⓓ ১৮ই এপ্রিল ১৯৩০ **Ans D**

03. মাস্টার দা সূর্য সেনকে ফাঁসি দেয়া হয়–
Ⓐ ১৮ই জুন ১৯৩০ Ⓑ ১৮ই এপ্রিল ১৯৩০
Ⓒ ১২ই জানুয়ারি ১৯৩৪ Ⓓ ১৮ই জানুয়ারি ১৯৩৪ **Ans C**

04. ইংরেজি ভারতে রাষ্ট্রভাষা করা হয় কত সালে?
Ⓐ ১৮৩৫ Ⓑ ১৭৫৭ Ⓒ ১৮৫৭ Ⓓ ১৯২১ **Ans A**

05. মাস্টার দা সূর্য সেনের নেতৃত্বে গঠিত বিপ্লবী সংগঠনের কর্মকাণ্ডের মধ্যে ছিল–
Ⓐ চট্টগ্রাম বিপ্লবী বাহিনী Ⓑ নির্যাতনমূলক আইনের বিরুদ্ধে প্রতিবাদ
Ⓒ হিন্দু মুসলমানের ঐক্য দৃঢ়করণ Ⓓ আজাদ হিন্দ ফৌজ গঠন **Ans A**

06. ১৯৪৩-এর দুর্ভিক্ষের চিত্রকর্ম কে এঁকেছেন?
Ⓐ মুর্তজা বশীর Ⓑ কামরুল হাসান
Ⓒ এস.এম. সুলতান Ⓓ জয়নুল আবেদিন **Ans D**

07. কলকাতা থেকে দিল্লিতে রাজধানী স্থানান্তর হয়–
Ⓐ ১৯১২ সালে Ⓑ ১৯১১ সালে
Ⓒ ১৯০৫ সালে Ⓓ ১৯০৯ সালে **Ans B**

08. ফোর্ট উইলিয়াম কলেজে শিক্ষকতা করেননি কে?
Ⓐ উইলিয়াম কেরি Ⓑ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
Ⓒ রামমোহন রায় Ⓓ রামরাম বসু **Ans C**

09. ভারতে সিপাহী বিদ্রোহ সংঘটিত হয় কত সালে?
Ⓐ ১৬৫৭ Ⓑ ১৭৫৭ Ⓒ ১৮৫৭ Ⓓ ১৯৫৭ **Ans C**

10. ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয় কত সালে?
Ⓐ ১৭৫০ Ⓑ ১৮০০ Ⓒ ১৮৫০ Ⓓ ১৯০০ **Ans B**

# পাকিস্তান আমল (১৯৪৭-১৯৭১)

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

### পূর্ব বাংলার প্রাদেশিক শাসন

- আওয়ামী মুসলিম লীগ গঠিত হয় - ২৩ জুন ১৯৪৯ (ঢাকার রোজগার্ডেনে এক রাজনৈতিক কর্মী সম্মেলনে)।
- আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি ও সাধারণ সম্পাদক – মওলানা আবদুল হামিদ খান ভাসানী ও শামসুল হক।
- পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট - ইস্কান্দার মির্জা।
- পাকিস্তান শব্দটি প্রথম ব্যবহার করেন - চৌধুরী রহমত আলী।
- খাজা নাজিমউদ্দীনের পর পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী – নূরুল আমীন (১৪ সেপ্টেম্বর ১৯৪৮-৩ এপ্রিল ১৯৫৪ পর্যন্ত)।
- যুক্তফ্রন্ট ক্ষমতাসীন থাকাকালীন পূর্ব বঙ্গের গভর্নর ছিলেন – চৌধুরী খালিকুজ্জামান।
- পাকিস্তানের শেষ গভর্নর জেনারেল – কেন্দ্রীয় দেশরক্ষা সচিব ইস্কান্দার মির্জা।
- এ কে ফজলুল হকের পর পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী হন – আবু হোসেন সরকার।
- আইয়ুব খানের সহচর ও পূর্ব পাকিস্তানের দীর্ঘকালীন গভর্নর ছিলেন – মোনায়েম খান।
- পূর্ব বাংলার প্রথম চিফ সেক্রেটারি ছিলেন – আজিজ আহমদ।



CamScanner

## গণপরিষদ ও শাসনতন্ত্র

- পাকিস্তানের প্রথম গণপরিষদের প্রথম অধিবেশন বসে – করাচিতে (২৩ ফেব্রুয়ারি ১৯৪৮)।
- পাকিস্তান গণপরিষদে বাংলা ভাষা সংক্রান্ত সংশোধনী প্রস্তাব আনেন – ধীরেন্দ্রনাথ দত্ত।
- পাকিস্তান গণপরিষদ বাতিল করা হয় – ২৪ অক্টোবর ১৯৫৪।
- গণপরিষদ বাতিল করার সময় গণপরিষদের সভাপতি ছিলেন – তমিজউদ্দীন খান।
- মুসলিম লীগ ও যুক্তফ্রন্ট কেন্দ্রীয় সরকার গঠন করে– ১১ আগস্ট ১৯৫৫।
- সাংবিধানিকভাবে পূর্ব বাংলার নাম পূর্ব পাকিস্তান করা হয় – ১৯৫৬ সালের ২৩ মার্চ।
- ফজলুল হক পূর্ব পাকিস্তানের গভর্নর নিযুক্ত হন – ১৯৫৬ সালে।
- ১৯৫৬ সালের সংবিধানে বাংলা রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে – ২১৪ নং অনুচ্ছেদে।
- দ্বিতীয় গণপরিষদের উল্লেখযোগ্য কাজ – পাকিস্তানের শাসনতন্ত্র প্রণয়ন।
- পাকিস্তান জাতীয় পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় – ঢাকায়।
- পাকিস্তানের প্রথম শাসনতন্ত্রকে বাতিল করেন – ইস্কান্দার মির্জা (৭ অক্টোবর ১৯৫৮)।
- পাকিস্তানের দ্বিতীয় শাসনতন্ত্রের ঘোষণা দেন – প্রেসিডেন্ট আইয়ুব খান (মার্চ ১৯৬২)।
- পাকিস্তানের প্রথম রাজধানী ছিল – করাচি।
- গণপরিষদ বাতিল করেছিলেন – গোলাম মুহাম্মদ।
- পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন প্রণীত হয় – ১৯৫০ সালে।

## ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন

- যুক্তফ্রন্ট গঠিত হয় – ৪ ডিসেম্বর ১৯৫৩।
- ১৯৫৪ সালের নির্বাচন অনুষ্ঠিত হয় – ৮- ১২ মার্চ ১৯৫৪।
- যুক্তফ্রন্টের নির্বাচনি ইশতাহার – ঐতিহাসিক ২১ দফা।
- যুক্তফ্রন্টের নির্বাচনি প্রতীক ছিল – নৌকা।
- যুক্তফ্রন্টের নির্বাচনে প্রধান বিরোধী দল – মুসলিম লীগ।
- যুক্তফ্রন্ট নির্বাচনে রাজনৈতিক মৃত্যু ঘটে – মুসলিম লীগের।
- যুক্তফ্রন্ট সরকার গঠন হয় – শেরে বাংলার নেতৃত্বে।
- যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয় - ৩ এপ্রিল ১৯৫৪।
- পাকিস্তানের তৎকালীন গভর্নর জেনারেল গোলাম মোহাম্মদ ফজলুল হক যুক্তফ্রন্ট মন্ত্রিসভা ভেঙে দিয়ে পূর্ব বাংলায় কেন্দ্রীয় শাসন জারি করেন - ৩০ মে ১৯৫৪।
- ১৯৫৪ সালে নির্বাচনে পরিলক্ষিত হয় – মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণির প্রভাব।
- যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী ছিলেন - শেরে বাংলা এ কে ফজলুল হক।
- বর্ধমান হাউজকে বাংলা একাডেমি করার প্রস্তাব অনুমোদন করে – যুক্তফ্রন্ট মন্ত্রিসভা।
- যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় কৃষি, বন, সমবায় ও পল্লি উন্নয়ন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন - শেখ মুজিবুর রহমান।

## ১৯৫৬ সালের সংবিধান

- গণপরিষদে 'পাকিস্তান শাসনতন্ত্র বিল' উত্থাপিত হয় – ৮ জানুয়ারি ১৯৫৬ (তৎকালীন আইনমন্ত্রী আই আই চন্দ্রীগড় কর্তৃক)।
- পাকিস্তান শাসনতন্ত্র বিলটি গণপরিষদে পাশ হয় – ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬।
- পাকিস্তানের প্রথম এ শাসনতন্ত্রটির নাম – ইসলামি প্রজাতন্ত্র সংবিধান।
- ইসলামি প্রজাতন্ত্র সংবিধান কার্যকর হয় – ২৩ মার্চ ১৯৫৬।
- ইসলামি প্রজাতন্ত্র সংবিধান বাতিল হয় – ৭ অক্টোবর ১৯৫৮।
- পূর্ব বাংলার নাম পূর্ব পাকিস্তান হয় - ১৯৫৬ সালে।
- পাকিস্তান 'ইসলামি প্রজাতন্ত্র' নাম ধারণ করে - ১৯৫৬ সালে।

## ছয় দফা আন্দোলন (১৯৬৬)

- ছয় দফা রচিত – ঐতিহাসিক লাহোর প্রস্তাবের ভিত্তিতে।
- ছয় দফার নায়ক – বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- আনুষ্ঠানিকভাবে ছয় দফা উত্থাপিত হয় - ২৩ মার্চ ১৯৬৬।
- ছয় দফা দাবিকে শেখ মুজিবুর রহমান অভিহিত করেছেন - 'আমাদের বাঁচার দাবি' বলে।
- বাঙালির মুক্তির সনদ/ 'ম্যাগনাকার্টা' – ৬ দফা।
- ছয় দফা দিবস পালিত হয় – ৭ জুন।
- ছয় দফা অন্দোলনে প্রথম শহিদ হন - শ্রমিক নেতা মনু মিয়া।
- লাহোরে অনুষ্ঠিত 'সর্বদলীয় জাতীয় সংহতি সম্মেলনে' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় দফা পেশ করেন – ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি।
- ঐতিহাসিক ছয় দফায় প্রতিফলিত হয় – জনগণের আশা-আকাঙ্ক্ষা।

## আগরতলা ষড়যন্ত্র মামলা (১৯৬৮)

- আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় – ৩ জানুয়ারি ১৯৬৮।
- আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি ছিলেন – বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি ছিল – বঙ্গবন্ধুসহ ৩৫ জন।
- অভিযোগ আনা হয় - পাকিস্তান দণ্ডবিধি-১২১-ক ও ১৩১ ধারায়।
- মামলার শুনানি শুরু হয় – ১৯ জুন ১৯৬৮, কুর্মিটোলা ক্যান্টনমেন্টে।
- সাক্ষীর সংখ্যা ছিল – সরকারের পক্ষে ১১ জন, রাজসাক্ষীসহ ২২৭ জন।
- আগরতলা ষড়যন্ত্র মামলা বিচারের জন্য গঠিত বিশেষ আদালতের নেতৃত্ব দেন - পাকিস্তানের সাবেক প্রধান বিচারপতি এস এ রহমান। অপর দুজন বিচারপতি হলেন মজিবুর রহমান খান ও মকসুদুল হাকিম (বাঙালি)।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আইনজীবী ছিলেন – ব্রিটেনের এমপি স্যার টমাস উইলিয়াম।
- আগরতলা ষড়যন্ত্র মামলার (১৭নং ও অন্যতম) আসামি সার্জেন্ট জহুরুল হককে হত্যা করা হয় – ১৫ ফেব্রুয়ারি ১৯৬৯।
- আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয় – ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান জহুরুল হক হলের পূর্বনাম ছিল – ইকবাল হল।

## '৬৯-এর গণঅভ্যুত্থান

- গণঅভ্যুত্থান দিবস – ২৪ জানুয়ারি।
- ১৯৬৯ সালের ২০ জানুয়ারি পুলিশের গুলিতে নিহত হন – ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র আসাদ।
- বর্তমান আসাদ গেটের পূর্ব নাম – আইয়ুব গেট।
- ১৯৬৯ সালের ২৪ জানুয়ারি পুলিশের গুলিতে নিহত হন – ঢাকার বকশিবাজারের নবকুমার ইনস্টিটিউটের ছাত্র মতিউর রহমান।
- ১৯৬৯ সালের গণআন্দোলনের সময় পশ্চিম পাকিস্তানের নেতৃত্ব দেন - জুলফিকার আলী ভুট্টো।
- ❖ সর্বদলীয় 'ছাত্রসংগ্রাম পরিষদ' গঠন – ৪ জানুয়ারি ১৯৬৯।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ড. শামসুজ্জোহাকে হত্যা করা হয় - ১৮ ফেব্রুয়ারি ১৯৬৯ (স্বাধীনতাপূর্ব প্রথম শহিদ বুদ্ধিজীবী)।
- ৬৯ এর গণঅভ্যুত্থান হয় – ৬ দফা, ৮ দফা ও ১১ দফার ভিত্তিতে।
- শেখ মুজিবসহ জেলে আটক রাজবন্দিরা মুক্তি লাভ করেন - ২২ ফেব্রুয়ারি ১৯৬৯।
- ফিল্ড মার্শাল আইয়ুব খান পদত্যাগ করেন – ২৫ মার্চ ১৯৬৯।
- আগা মোহাম্মদ ইয়াহিয়া খান ক্ষমতায় আসেন – ২৫ মার্চ ১৯৬৯।
- পাকিস্তানে দ্বিতীয়বার সামরিক শাসন জারি হয় – ২৫ মার্চ ১৯৬৯ (আগা মোহাম্মদ ইয়াহিয়া খান কর্তৃক)।
- পূর্ব পাকিস্তানকে 'বাংলাদেশ' নামকরণ করা হয়- ৫ ডিসেম্বর ১৯৬৯।

## '৭০-এর সাধারণ নির্বাচন

- ১৯৭০ সালের নির্বাচন অনুষ্ঠিত হয় - সতেরো দফা কর্মসূচির ভিত্তিতে (৬ দফা + ১১ দফা)।
- ১৯৭০ সালে পাকিস্তানের জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় – ৭ ডিসেম্বর।
- পাকিস্তান জাতীয় পরিষদের মোট আসন ছিল – ৩১৩টি (এর মধ্যে সংরক্ষিত ছিল ১৩টি)।
- পূর্ব পাকিস্তানে জাতীয় পরিষদের আসন ছিল – ১৬৯টি (এর মধ্যে সংরক্ষিত ৭টি)।
- পশ্চিম পাকিস্তানে জাতীয় পরিষদের আসন ছিল - ১৪৪টি (এর মধ্যে ৬টি সংরক্ষিত)।
- জাতীয় পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ লাভ করে - ১৬৭টি আসন।
- পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় – ১৭ ডিসেম্বর ১৯৭০।
- পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে আসন সংখ্যা ছিল – ৩১০টি (সংরক্ষিত আসন ১০টি)।
- পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচনে আওয়ামী লীগ লাভ করে - ২৯৮টি আসন (সংরক্ষিত ১০টি আসনসহ)
- যে দুটি আসনে আওয়ামী লীগ জয়লাভ করতে পারেনি – পার্বত্য রাঙ্গামাটির চাকমা রাজা ত্রিদিব রায় জয় এবং ময়মনসিংহের নুরুল ইসলাম।



CamScanner

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. কোন সালে ৬-দফা কর্মসূচি ঘোষণা করা হয়? [NU-Science : 14-15]
Ⓐ ১৯৫৪ সালে Ⓑ ১৯৬৫ সালে Ⓒ ১৯৬৬ সালে Ⓓ ১৯৭০ সালে Ans Ⓒ

02. কোন সালে ২১শে ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি পায়? [NU-Science : 14-15]
Ⓐ ১৯৫২ সালে Ⓑ ১৯৯৬ সালে Ⓒ ১৯৯৭ সালে Ⓓ ১৯৯৯ সালে Ans Ⓓ

03. "আগরতলা ষড়যন্ত্র মামলার" আসামিদের মধ্যে প্রথম কাকে গুলি করে মেরে ফেলা হয়? [NU-Science : 09-10]
Ⓐ আমজাদ খাঁ Ⓑ সার্জেন্ট জহুরুল হক
Ⓒ মকবুল ভূইয়া Ⓓ কৃষ্ণ দুগার Ans Ⓑ

04. শেখ মুজিবুর রহমান 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত হন কোন সালে? [NU-Science : 11-12]
Ⓐ ১৯৪৮ Ⓑ ১৯৬২ Ⓒ ১৯৭২ Ⓓ ১৯৬৯ Ans Ⓓ

05. আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি ছিলেন– [NU-Science : 09-10]
Ⓐ হোসেন শহীদ সোহরাওয়ার্দী Ⓑ মাওলানা আবুল কালাম আজাদ
Ⓒ শেখ মুজিবুর রহমান Ⓓ মাওলানা ভাসানী Ans Ⓓ

06. শেখ মুজিব তাঁর ছয়-দফা দাবি উত্থাপন করেন– [NU-Science : 09-10]
Ⓐ কলিকাতায় Ⓑ লাহোরে Ⓒ ঢাকায় Ⓓ চট্টগ্রামে Ans Ⓑ

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. একুশে ফেব্রুয়ারি ১৯৫২ বঙ্গবন্ধু কোন্ কারাগারে ছিলেন? [BSFMSTU-C : 19-20]
Ⓐ ঢাকা Ⓑ রাজশাহী
Ⓒ ফরিদপুর Ⓓ নারায়ণগঞ্জ Ans Ⓒ

02. আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় কত সালে? [BSFMSTU-C : 19-20]
Ⓐ ১৯৬৯ Ⓑ ১৯৬৬ Ⓒ ১৯৬১ Ⓓ ১৯৬৮ Ans Ⓓ

03. বঙ্গবন্ধু উপাধি প্রদান করা হয়– [BSFMSTU-C : 19-20]
Ⓐ ঢাকা বিমানবন্দর Ⓑ ধানমন্ডিতে
Ⓒ রেসকোর্স ময়দানে Ⓓ পল্টনে Ans Ⓒ

04. কোনটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী– [BSFMSTU-C : 19-20]
Ⓐ আমার জীবনী Ⓑ আমার জীবনস্মৃতি
Ⓒ আমার একাত্তর Ⓓ অসমাপ্ত আত্মজীবনী Ans Ⓓ

05. আগরতলা মামলায় (রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান এবং অন্যান্য) কতজনকে আসামি করা হয়? [BSMRSTU-G : 19-20]
Ⓐ ৩৫ Ⓑ ৩৬ Ⓒ ৩৭ Ⓓ ৩২ Ans Ⓐ

06. যুক্তফ্রন্টের '২১ দফার' এক নম্বর দফা কী ছিল? [BSMRSTU-E : 19-20]
Ⓐ প্রাদেশিক স্বায়ত্তশাসন Ⓑ শহিদ মিনার নির্মাণ
Ⓒ অবাধ নির্বাচন Ⓓ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা Ans Ⓓ

07. বাংলা ভাষাকে দেশের দ্বিতীয় ভাষার মর্যাদা দিয়েছে কোন দেশ? [BSMRSTU-E : 19-20]
Ⓐ ভারত Ⓑ সিয়েরা লিওন
Ⓒ অস্ট্রেলিয়া Ⓓ ব্রিটেন Ans Ⓑ

08. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম তারিখ কোনটি? [JUST-E : 19-20]
Ⓐ ১৭ মার্চ Ⓑ ১৭ এপ্রিল Ⓒ ১৭ মে Ⓓ ১৭ জুন Ans Ⓐ

09. আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ শে ফেব্রুয়ারি-এর রচয়িতা কে? [JUST-E : 19-20]
Ⓐ শামসুর রাহমান Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ আলতাফ মাহমুদ Ⓓ আব্দুল গাফফার চৌধুরী Ans Ⓓ

## Part 4 সম্ভাব্য MCQ

01. কোন সালে বাংলা রাষ্ট্রভাষা হিসেবে পাকিস্তানের সাংবিধানিক স্বীকৃতি লাভ করে?
Ⓐ ১৯৪৭ Ⓑ ১৯৫২
Ⓒ ১৯৫৬ Ⓓ ১৯৬৬ Ans Ⓒ

02. ভাষা আন্দোলনের নেতা ছিলেন..
Ⓐ হাবিবুর রহমান শেলী Ⓑ নুরুল আমিন
Ⓒ খাজা নাজিম উদ্দিন Ⓓ মোহাম্মদ আকরম খাঁ Ans Ⓐ

03. শেখ মুজিবকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়–
Ⓐ ২১শে ফেব্রুয়ারি ১৯৬৯ Ⓑ ২৩শে ফেব্রুয়ারি ১৯৬৯
Ⓒ ২৬শে মার্চ ১৯৬৯ Ⓓ ১৬ই ডিসেম্বর ১৯৬৯ Ans Ⓑ

04. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি..।' গানের প্রথম সুরকার কে?
Ⓐ আলতাফ মাহমুদ Ⓑ আবদুল লতিফ
Ⓒ আবদুল গাফফার চৌধুরী Ⓓ খান আতাউর রহমান Ans Ⓑ

05. বঙ্গবন্ধুর লেখা দ্বিতীয় বইয়ের নাম কী?
Ⓐ আমার কিছু কথা Ⓑ রক্তাক্ত বাংলা
Ⓒ কারাগারের রোজনামচা Ⓓ অসমাপ্ত আত্মজীবনী Ans Ⓒ

06. বাংলাদেশে প্রথম সামরিক আইন জারি হয় কত সালে?
Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৫
Ⓒ ১৯৭৪ Ⓓ ১৯৭৩ Ans Ⓑ

07. পাকিস্তানের গণপরিষদের কার্যবিবরণীতে বাংলা ভাষা অন্তর্ভুক্ত করার দাবি করেছিলেন কে?
Ⓐ আবুল হাশিম Ⓑ ড. মুহম্মদ শহীদুল্লাহ
Ⓒ শেখ মুজিবুর রহমান Ⓓ ধীরেন্দ্রনাথ দত্ত Ans Ⓓ

# বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা অর্জন

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

### স্বাধীনতার ঘোষণা

- চট্টগ্রামের কালুরঘাট বেতারকেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা প্রচার করা হয় - ২৬ মার্চ ১৯৭১, (এম.এ হান্নান কর্তৃক)।
- আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা প্রচার করেন - মেজর জিয়াউর রহমান।
- ২৬ মার্চকে 'জাতীয় দিবস বা স্বাধীনতা দিবস' ঘোষণা করা হয় - ১৯৮০ সালে।

### স্বাধীন বাংলা বেতারকেন্দ্র

- 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতারকেন্দ্র' স্থাপন করা হয় - ২৬ মার্চ ১৯৭১।
- 'স্বাধীন বাংলা বেতারকেন্দ্র' বন্ধ হয়ে যায় - ৩০ মার্চ ১৯৭১।
- পরবর্তীতে ২৫ মে ১৯৭১ স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের দ্বিতীয় পর্যায়ের সম্প্রচার শুরু হয় - কলকাতার বালিগঞ্জ থেকে।
- কলকাতায় স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের পরিচালক ছিলেন - শামসুল হুদা চৌধুরী।
- স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের প্রচারিত প্রধান দুটি অনুষ্ঠান ছিল - 'চরমপত্র' এবং 'জল্লাদের দরবার'। এই দুটির পাঠক ছিলেন এম আর আখতার মুকুল।
- 'স্বাধীন বাংলা বেতারকেন্দ্র' আহ্বায়ক কমিটির সভাপতি ছিলেন - কামাল লোহানী

### মুজিবনগর সরকার

- মুজিবনগরে স্বাধীনতা ঘোষণা করা হয়েছিল - ১০ এপ্রিল ১৯৭১, বাংলাদেশের প্রথম স্বাধীন সরকার গঠনের মাধ্যমে। এই দিন বাংলাদেশ গণপ্রজাতন্ত্র ঘোষিত হয়।
- মুজিবনগর সরকার শপথ নেয় - ১৭ এপ্রিল ১৯৭১।


CamScanner

- বাংলাদেশের অস্থায়ী সরকারের রাজধানী এবং এর পুরাতন নাম ছিল - মেহেরপুরের মুজিবনগর। এর পুরাতন নাম ছিল ভবেরপাড়া বৈদ্যনাথতলা। বৈদ্যনাথতলার নাম মুজিবনগর রাখেন তাজউদ্দীন আহমদ।
- মুজিবনগর পূর্বে ছিল - কুষ্টিয়ার অধীনে।
- অস্থায়ী সরকারের সদস্য সংখ্যা ছিল - ৬ জন।
- মুজিবনগর অস্থায়ী সরকারের শপথ বাক্য পাঠ করান - অধ্যাপক ইউসুফ আলী।
- শপথ অনুষ্ঠান পরিচালনা করেন - জনাব আব্দুল মান্নান, এমএনএ।
- মুজিবনগর অস্থায়ী সরকারের রাষ্ট্রপ্রধান ছিলেন - শেখ মুজিবুর রহমান।
- মুজিবনগর অস্থায়ী সরকারের শপথ অনুষ্ঠানে গার্ড অব অনারে নেতৃত্ব দেন - ঝিনাইদহের তৎকালীন সাব ডিভিশন পুলিশ অফিসার মাহবুব উদ্দিন বীর বিক্রম।
- মুক্তিযুদ্ধের সময় অস্থায়ী সরকারের সচিবালয় ছিল - ৮নং থিয়েটার রোড, কলকাতা।
- মুজিবনগর সরকারের মন্ত্রণালয়/বিভাগ ছিল - ১২টি।
- মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদের সভাপতি - মওলানা ভাসানী।
- মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদ গঠিত হয় - ৮ সেপ্টেম্বর ১৯৭১।
- মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা ছিল - ৮জন।
- জেনারেল ওসমানী সেনাপ্রধান হিসেবে নিযুক্ত হন - ১৭ এপ্রিল ১৯৭১।

## বুদ্ধিজীবী হত্যাকাণ্ড

- বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের প্রধান পরিকল্পনাকারী ছিলেন - মেজর জেনারেল রাও ফরমান আলী।
- বুদ্ধিজীবী হত্যাকাণ্ড সংঘটিত হয় - ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে।
- বুদ্ধিজীবীদের হত্যা করা হয় - রায়েরবাজার বধ্যভূমিতে।

## পাকিস্তান বাহিনীর আত্মসমর্পণ ও চূড়ান্ত বিজয়

- পাকিস্তানের আত্মসমর্পণ দলিলে যৌথবাহিনী ও পাকিস্তানের পক্ষে স্বাক্ষর করেন- যৌথবাহিনীর পক্ষে জেনারেল জগজিৎ সিং অরোরা এবং পাকিস্তানের পক্ষে আমীর আবদুল্লাহ খান নিয়াজী (এ.কে নিয়াজী)।
- পাকিস্তানের আত্মসমর্পণের সময়- বিকাল ৪টা ৩১ মিনিট (রেসকোর্স ময়দানে)।
- আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন - এয়ার কমোডর আব্দুল করিম (এ.কে) খন্দকার।
- পাকিস্তানের আত্মসমর্পণ দলিল তৈরি করেন - লে. জেনারেল রাফায়েল জ্যাকব (পূর্বাঞ্চলীয় কমান্ডের চিফ অব স্টাফ)।
- যৌথবাহিনীর কাছে আত্মসমর্পণ করে - ৯৩ হাজার পাকিস্তানি সৈন্য।
- নিহত মুক্তিযোদ্ধাদের সম্মানে 'জাতীয় শোক দিবস' পালিত হয় - ১৬ জানুয়ারি ১৯৭২।
- 'অপারেশন ক্লোজডোর' - ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পর সকল প্রকার অবৈধ অস্ত্র উদ্ধারের জন্য পরিচালিত বিশেষ অভিযান।

## মুক্তিযুদ্ধে বিদেশিদের অবদান

- মুক্তিযুদ্ধের সময় যে দুটি দেশ বিরোধিতা করেছিল – চীন ও যুক্তরাষ্ট্র।
- মুক্তিযুদ্ধের সময় যে দুটি দেশ বাংলাদেশকে সাহায্য করেছিল – ভারত ও সাবেক সোভিয়েত ইউনিয়ন।
- মুক্তিযুদ্ধের বিপক্ষে যুক্তরাষ্ট্র যে নৌবহর প্রেরণ করেছিল – সপ্তম নৌবহর।
- সপ্তম নৌবহর বঙ্গোপসাগরের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছিল – ভিয়েতনামের টংকিং উপসাগর থেকে।

## মুক্তিযুদ্ধে অবদানের খেতাব

- সাতজন বীরশ্রেষ্ঠের নামে সাতটি পুকুর খনন করা হয়েছে - সুন্দরবনে।
- সাহিত্যিক হিসেবে মুক্তিযুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' খেতাব লাভ করেন - আব্দুস সাত্তার।
- মুক্তিযুদ্ধে প্রথম বীরউত্তম খেতাবপ্রাপ্ত ব্যক্তি - লে. কর্নেল আবদুর রব (চিফ অব স্টাফ)।
- মুক্তিযুদ্ধে প্রথম বীরবিক্রম খেতাবপ্রাপ্ত ব্যক্তি - মেজর খন্দকার নাজমুল হুদা।
- মুক্তিযুদ্ধে প্রথম বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত ব্যক্তি - মোহাম্মদ আবদুল মতিন।
- বাংলাদেশের সর্বকনিষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার নাম - শহীদুল ইসলাম ... মাত্র ১২ বছর বয়সে তিনি 'বীরপ্রতীক' উপাধিতে ভূষিত হন।
- মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি নাগরিক - ডব্লিউ এস ওডারল্যান্ড।
- মুক্তিযুদ্ধে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী থেকে একমাত্র খেতাবপ্রাপ্ত (বীরবিক্রম) মুক্তিযোদ্ধা - ইউ কে চিং মারমা (৬নং সেক্টর)।
- বর্তমানে বীরউত্তম খেতাবপ্রাপ্ত মোট সদস্য - ৬৮ জন।
- বর্তমানে বীরঙ্গনা খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধার সংখ্যা - ৪৪৮ জন।

## মুক্তিযুদ্ধ পরবর্তী রাজনৈতিক অবস্থা

- স্বাধীনতার পর শেখ মুজিবুর রহমান প্রধানমন্ত্রীর দায়িত্বগ্রহণ করেন - ১২ জানুয়ারি ১৯৭২।
- বাংলাদেশের প্রথম সংবিধান কার্যকর হয় - ১৬ ডিসেম্বর ১৯৭২।
- সংসদে দাঁড়িয়ে শেখ মুজিব দ্বিতীয় বিপ্লবের ডাক দেন - ২৫ জানুয়ারি ১৯৭৫।
- খালেদ মোশাররফ সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় আসেন - ৩ নভেম্বর ১৯৭৫।
- জাতীয় চার নেতাদের (তাজউদ্দীন আহমদ, সৈয়দ নজরুল ইসলাম, এম মনসুর আলী ও এএইচএম কামারুজ্জামান) জেলহাজতে হত্যা করা হয় - ৩ নভেম্বর ১৯৭৫।
- কর্নেল তাহেরের নেতৃত্বে পাল্টা সামরিক অভ্যুত্থান ঘটে - ৭ নভেম্বর ১৯৭৫।
- কর্নেল তাহেরের সামরিক অভ্যুত্থানের পর দেশের সামরিক শাসক হন - মেজর জিয়াউর রহমান।
- মেজর জিয়াউর রহমান বাংলাদেশের প্রথম নির্বাচিত প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন - ৩ জুন ১৯৭৮।
- মেজর জিয়াউর রহমানের নেতৃত্বে 'বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)' প্রতিষ্ঠিত হয় - ১ সেপ্টেম্বর ১৯৭৮।
- প্রেসিডেন্ট জিয়াউর রহমান সেনা অভ্যুত্থানের মাধ্যমে চট্টগ্রাম সার্কিট হাউজে নিহত হন - ৩০ মে ১৯৮১।

## বাংলাদেশের স্বাধীনতা স্বীকৃতি

| বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী | দেশ |
|---|---|
| প্রথম দেশ | ভুটান (৬ ডিসেম্বর ১৯৭১) |
| দ্বিতীয় দেশ | ভারত (৬ ডিসেম্বর ১৯৭১) |
| প্রথম আরব/প্রথম মধ্যপ্রাচ্যের দেশ | ইরাক (৮ জুলাই ১৯৭২) |
| প্রথম এশীয় মুসলিম দেশ | মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া |
| প্রথম আফ্রিকান দেশ/প্রথম মুসলিম/অ-আরব মুসলিম | সেনেগাল (১ ফেব্রু. ১৯৭২) |
| প্রথম ইউরোপের দেশ/ প্রথম সমাজতান্ত্রিক দেশ | পূর্ব জার্মানি (১১ জানু. ১৯৭২) |
| প্রথম উত্তর আমেরিকান দেশ | বার্বাডোস |
| প্রথম ওশেনিয়া মহাদেশের দেশ | টোঙ্গা |
| পঞ্চশক্তির দেশগুলোর মধ্যে স্বীকৃতি দানকারী | সাবেক সোভিয়েত ইউনিয়ন (২৪ জানুয়ারি ১৯৭২) |
| উপসাগরীয় দেশগুলোর মধ্যে প্রথম স্বীকৃতি দানকারী | কুয়েত |
| যুক্তরাষ্ট্র স্বীকৃতি দেয় | ৪ এপ্রিল ১৯৭২ সালে |
| যুক্তরাজ্য স্বীকৃতি দেয় | ৪ ফেব্রুয়ারি ১৯৭২ সালে |
| পাকিস্তান স্বীকৃতি দেয় | ২২ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে |

## ১৯৯০-এর গণঅভ্যুত্থান এবং গণতন্ত্রের মুক্তি

- এরশাদ সরকারের পদত্যাগ এবং নির্দলীয় ও নিরপেক্ষ সরকারের অধীনে সংসদ নির্বাচনের দাবিতে ঢাকা অবরোধ কর্মসূচি পালিত হয়- ১০ নভেম্বর ১৯৮৭।
- 'গণতন্ত্র মুক্তিপাক, স্বৈরাচার নিপাত যাক' স্লোগান লিখে পুলিশের গুলিতে নিহত হন- নূর হোসেন।
- এরশাদ বিরোধী আন্দোলনের নেতা ড. শামসুল আলম মিলন নিহত হন- ২৭ নভেম্বর ১৯৯০।
- স্বৈরাচার এরশাদ সরকারের পতন ঘটে- ৬ ডিসেম্বর ১৯৯০।



CamScanner

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. 'জুলিও কুরি' পদক বাংলাদেশের কাকে দেয়া হয়? [NU-Science : 14-15]
Ⓐ তাজউদ্দীন আহমদ Ⓑ সৈয়দ নজরুল ইসলাম
Ⓒ মাদার টেরেসা Ⓓ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Ans D

02. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার কখন গঠিত হয়েছিল? [NU-Science : 03-04]
Ⓐ ১৭ এপ্রিল,৭১ Ⓑ ২২ এপ্রিল,৭১
Ⓒ ১৭ এপ্রিল,৭২ Ⓓ ১৭ এপ্রিল,৭২ Ans A

03. বাংলাদেশের ইতিহাসে স্বল্প সময়ের প্রেসিডেন্ট কে? [NU-Science : 09-10]
Ⓐ বিচারপতি আবু সাঈদ চৌধুরী Ⓑ মোহাম্মদ উল্লাহ
Ⓒ বিচারপতি আব্দুস সাত্তার Ⓓ উপরের কোনটিই নয় Ans A

04. মুক্তিযুদ্ধে বাংলাদেশকে কয়টি সেক্টরে বিভক্ত করা হয়েছিল? [NU-Science : 09-10; NU-Science : 10-11]
Ⓐ দশ Ⓑ এগারো Ⓒ বারো Ⓓ তের Ans B

05. কোন আরবদেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছিল– [NU-Science : 10-11]
Ⓐ সৌদি আরব Ⓑ সিরিয়া Ⓒ জর্ডান Ⓓ ইরাক Ans D

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে কোন জাতীয়তাবাদ মুখ্য ভূমিকা পালন করেছিল? [GST-B : 21-22]
Ⓐ বাংলাদেশী Ⓑ বাঙালি
Ⓒ ধর্মীয় Ⓓ সাংস্কৃতিক Ans B

02. চরমপত্র কী? [GST-B ; 21-22]
Ⓐ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত অনুষ্ঠান
Ⓑ বিবিসি থেকে প্রচারিত অনুষ্ঠান
Ⓒ বাংলাদেশ টেলিভিশন থেকে সম্প্রচারিত অনুষ্ঠান
Ⓓ রেডিও পাকিস্তান থেকে প্রচারিত অনুষ্ঠান Ans A

03. মুজিবনগর সরকারের শপথবাক্য পাঠ করান– [BSFMSTU-C : 19-20]
Ⓐ এম মনসুর আলী Ⓑ তাজউদ্দীন আহমদ
Ⓒ অধ্যাপক ইউসুফ আলী Ⓓ শেখ মুজিবুর রহমান Ans C

04. 'অপারেশন সার্চলাইটের' পরিকল্পনাকারী ছিল-[BSMRSTU- E : 19-20]
Ⓐ ইয়াহিয়া খান Ⓑ জেনারেল নিয়াজী
Ⓒ রাওফরমান আলী Ⓓ ইস্কান্দার মির্জা Ans C

05. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে ইউনেস্কো কোন তারিখে *বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য* হিসাবে স্বীকৃতি প্রদান করে? [BSMRSTU-D : 19-20]
Ⓐ ৩০ জুলাই Ⓑ ৩০ আগস্ট
Ⓒ ৩০ সেপ্টেম্বর Ⓓ ৩০ অক্টোবর Ans D

06. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কী? [JUST-E : 19-20]
Ⓐ সৈয়দ নজরুল ইসলাম Ⓑ তাজউদ্দীন আহমদ
Ⓒ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Ⓓ ক্যাপ্টেন মনসুর আলী Ans C

07. স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশকে কতটি সেক্টরে ভাগ করা হয়েছিল? [JUST-E : 19-20]
Ⓐ ৯টি Ⓑ ১০টি Ⓒ ১১টি Ⓓ ১২টি Ans C

08. September on Jessore Road কবিতাটির রচয়িতা এ্যালেন গিন্সবার্গ কোন্ দেশের নাগরিক [JUST-D : 19-20]
Ⓐ কানাডা Ⓑ ফ্রান্স
Ⓒ যুক্তরাষ্ট্র Ⓓ যুক্তরাজ্য Ans C

09. বাংলা কত সনে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে? [JUST-D : 19-20]
Ⓐ ১৩৭০ Ⓑ ১৩৭৮ Ⓒ ১৪৭৮ Ⓓ ১৩৭৯ Ans B

10. কোন আন্তর্জাতিক গণমাধ্যম বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে বিশ্ব জনমত গঠনে বিশেষ ভূমিকা পালন করে? [NSTU-D : 19-20]
Ⓐ আলজাজিরা Ⓑ বি.বি.সি
Ⓒ সি.এন.এন Ⓓ ইউ.টি.আর Ans B

11. স্বাধীনতাযুদ্ধে অবদানের জন্য কতজন নারীকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয়? [NSTU-D : 19-20]
Ⓐ ৫ জন Ⓑ ৭ জন
Ⓒ ৪ জন Ⓓ ২ জন Ans D

## Part 4 সম্ভাব্য MCQ

01. মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে?
Ⓐ কামরুল হাসান Ⓑ তানবীর কবির
Ⓒ শামীম শিকদার Ⓓ নিতুন কুণ্ডু Ans B

02. বাংলাদেশের মুক্তিযুদ্ধের গণহত্যার উপর নির্মিত স্টপ জেনোসাইড প্রামাণ্যচিত্রের পরিচালক কে?
Ⓐ আলমগীর কবির Ⓑ জহির রায়হান
Ⓒ মোরশেদুল ইসলাম Ⓓ চাষী নজরুল ইসলাম Ans B

03. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন–
Ⓐ ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট Ⓑ হেনরি কিসিঞ্জার
Ⓒ রিচার্ড নিক্সন Ⓓ জর্জ ডব্লিউ বুশ Ans C

04. 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর উদ্যোক্তা কে?
Ⓐ জর্জ হ্যারিসন ও জর্জ উইলিয়ামসন
Ⓑ জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর
Ⓒ গুন্টার গ্রাস ও জর্জ হ্যারিসন
Ⓓ পণ্ডিত রবিশঙ্কর ও জর্জ উইলিয়ামসন. Ans B

05. কে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকারের শপথ বাক্য পাঠ করান?
Ⓐ আবু সাঈদ চৌধুরী Ⓑ অধ্যাপক ইউসুফ আলী
Ⓒ মনোরঞ্জন ধর Ⓓ কোনোটিই নয় Ans B

06. বাংলাদেশের মুক্তিযুদ্ধে মর্যাদা অনুসারে বীরত্বসূচক খেতাবের ক্ষেত্রে তৃতীয় খেতাব–
Ⓐ বীরপ্রতীক Ⓑ বীরবিক্রম
Ⓒ বীরশ্রেষ্ঠ Ⓓ বীরউত্তম Ans B

07. কোন বিখ্যাত ম্যাগাজিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' আখ্যা দিয়েছিল?
Ⓐ টাইম Ⓑ ইকোনমিক অ্যান্ড পলিটিকাল উইকলি
Ⓒ দি ইকোনমিস্ট Ⓓ নিউজউইক Ans D

08. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্রের শিরোনাম কী ছিল?
Ⓐ The Proclamation of Bangladesh
Ⓑ The Proclamation of Independence
Ⓒ The Declaration of Independence
Ⓓ The Independence of Bangladesh Ans B

09. বঙ্গবন্ধুর অনুরোধে ভারতীয় মিত্রবাহিনী কখন স্বাধীন বাংলাদেশ ত্যাগ করে?
Ⓐ ১২ই মার্চ ১৯৭২ Ⓑ ১৭ই এপ্রিল ১৯৭২
Ⓒ ৭ই নভেম্বর ১৯৭২ Ⓓ ১৬ই ডিসেম্বর ১৯৭২ Ans A

10. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়?
Ⓐ ২৫৭ Ⓑ ১৬৩
Ⓒ ৪৪ Ⓓ ৬৮ Ans D



CS CamScanner

# বাংলাদেশের জাতীয় বিষয়াবলি

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

| জাতীয় বিষয় | তথ্য |
|---|---|
| জাতীয় প্রতীক | উভয় পার্শ্বে ধানের শীষ বেষ্টিত পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, তার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পর যুক্ত পাতা, তার উভয় পার্শ্বে দুটি করে তারকা। |
| জাতীয় মনোগ্রাম | লাল রঙের বৃত্তের মধ্যে হলুদ রঙের বাংলাদেশের মানচিত্র। বৃত্তের দুপাশে দুটিকরে মোট ৪টি তারকা। জাতীয় মনোগ্রামের ডিজাইনার এ.এন. সাহা। |
| জাতীয় বৃক্ষ | আম |
| জাতীয় ফুল | শাপলা |
| জাতীয় ফল | কাঁঠাল |
| জাতীয় পাখি | দোয়েল |
| জাতীয় মাছ | ইলিশ |
| জাতীয় পশু | রয়েল বেঙ্গল টাইগার |
| জাতীয় বন | সুন্দরবন |
| জাতীয় উদ্যান | সোহরাওয়ার্দী উদ্যান |
| জাতীয় শিশু পার্ক | ঢাকা শিশু পার্ক |
| জাতীয় জাদুঘর | জাতীয় জাদুঘর (শাহবাগ) |
| জাতীয় মসজিদ | বায়তুল মোকাররম মসজিদ |
| জাতীয় মন্দির | ঢাকেশ্বরী মন্দির |
| জাতীয় বিমানবন্দর | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর |
| জাতীয় খেলা | হা-ডু-ডু/ কাবাডি |
| জাতীয় কবি | কাজী নজরুল ইসলাম |
| জাতীয় ধর্ম | ইসলাম |
| জাতীয় দিবস | ২৬ মার্চ (স্বাধীনতা দিবস) |
| জাতীয় গ্রন্থাগার | আগারগাঁও |
| জাতীয় উৎসব | বাংলা নববর্ষ বরণ উৎসব (পহেলা বৈশাখ) |
| জাতীয় স্টেডিয়াম | বঙ্গবন্ধু স্টেডিয়াম |
| জাতীয় স্মৃতিসৌধ | সম্মিলিত প্রয়াস |

### বাংলাদেশের জাতীয় সংগীত

- **জাতীয় সংগীত সর্বপ্রথম প্রকাশিত হয়–** বঙ্গদর্শন পত্রিকায় (১৩১২ বাংলা ও ইংরেজি ১৯০৫ সালে প্রকাশিত হয়)।
- **'আমার সোনার বাংলা' রবীন্দ্রনাথ ঠাকুরের–** স্বরবিতান-৪৬ এর গীতিবিতান কাব্যের অন্তর্ভুক্ত।
- **বাংলাদেশ জাতীয় সংগীতের সুরকার ও গীতিকার–** রবীন্দ্রনাথ ঠাকুর।
- **আমার সোনার বাংলা রচিত হয়–** বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে পূর্ব ও পশ্চিম উভয় বঙ্গকে একত্র করার উদ্দেশ্য। ১৯০৫ সালে এটি রচিত হয়।
- **জাতীয় সংগীতের কথা সংবিধানে বর্ণিত আছে–** ৪(১) অনুচ্ছেদে।
- **'আমার সোনার বাংলা' কবিতার চরণ–** ২৫টি (জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়েছে ১০ লাইন)।
- **'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটি বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়–** ৩ মার্চ ১৯৭১ বাংলাদেশের স্বাধীনতার ইশতেহারে পল্টন ময়দানে।
- **আনুষ্ঠানিকভাবে জাতীয় সংগীত গাওয়া হয়–** ৭ মার্চ ১৯৭১।

### বাংলাদেশের রণসংগীত

- **বাংলাদেশের রণসংগীত "চল্ চল্ চল্"–** কাজী নজরুল ইসলামের 'সন্ধ্যা' কাব্যগ্রন্থের অন্তর্গত।
- **বাংলাদেশ রণসংগীতের গীতিকার ও সুরকার–** জাতীয় ও বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম।
- **বাংলাদেশ রণসংগীতটি প্রথম প্রকাশিত হয়–** শিখা পত্রিকায় (ইংরেজি ১৯২৮ সালে, বাংলা ১৩৩৫)।
- **যেকোনো অনুষ্ঠানে রণসংগীতের–** ২১ লাইন বাজানো হয়।
- **প্রথম প্রকাশের সময় বাংলাদেশ রণসংগীতের নাম ছিল–** নতুনের গান।

### বাংলাদেশের জাতীয় পতাকা

- **বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন দিবস–** ২ মার্চ।
- **বাংলাদেশের জাতীয় পতাকার অনুপাত–** ১০ : ৬ / ৫ : ৩ (৪ ভাগ গাঢ় সবুজ ও এর মাঝে ১ ভাগ লাল বৃত্ত)।
- **জাতীয় পতাকার কথা বর্ণিত রয়েছে–** সংবিধানের ৪নং অনুচ্ছেদে।
- **বাংলাদেশের জাতীয় পতাকার মিল রয়েছে–** জাপান ও পালাউ-এর জাতীয় পতাকার।
- **বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলন করা হয়–** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় এক ছাত্রসভায়, ২ মার্চ ১৯৭১। আ স ম আব্দুর রব কর্তৃক।
- **বাংলাদেশের পতাকা জাতীয় সংগীত গাওয়ার সাথে সাথে প্রথম উত্তোলন করা হয়–** ৩ মার্চ ১৯৭১। পল্টন ময়দানে বঙ্গবন্ধুর উপস্থিতিতে শাহজাহান সিরাজ কর্তৃক।
- **বাংলাদেশের বাইরে সর্বপ্রথম জাতীয় পতাকা উত্তোলন করে–** ১৮ এপ্রিল ১৯৭১; কলকাতাস্থ ডেপুটি হাইকমিশনের প্রধান জনাব এম. হোসেন আলী।
- **মানচিত্রখচিত বাংলাদেশের প্রথম পতাকার ডিজাইনার–** শিব নারায়ণ দাস।
- **জাতীয় পতাকা থেকে মানচিত্র বাদ দেয়া সংক্রান্ত অধ্যাদেশ জারি হয়–** ৪ জানুয়ারি ১৯৭২।
- **বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয়–** ১৭ জানুয়ারি ১৯৭২।

### জাতীয় কবি

- **বাংলাদেশের জাতীয় কবি–** কাজী নজরুল ইসলাম।
- **কাজী নজরুল ইসলাম জন্ম গ্রহণ করেন–** পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে ২৪ মে ১৮৯৯ (বাংলা ১১ জ্যৈষ্ঠ ১৩০৬)।
- **কাজী নজরুল ইসলামের ডাকনাম ছিল–** দুখু মিয়া এবং ছদ্মনাম ছিল ধূমকেতু।
- **সেনাবাহিনীতে যোগদান করেন–** ১৯১৭ সালে।
- **সৈনিক জীবন ত্যাগ করেন–** ১৯২০ সালে।
- **কাজী নজরুল ইসলামের সম্পাদনায় 'ধূমকেতু' পত্রিকা প্রকাশিত হয়–** ২২ আগস্ট ১৯২২।
- **কাজী নজরুল ইসলাম প্রথম ঢাকায় আসেন–** ১৯২৬ সালের জুন মাসে।
- **নজরুল ইসলামকে স্থায়ীভাবে ঢাকায় আনা হয়–** ২৪ মে ১৯৭২।
- **নজরুল ইসলামকে জাতীয় কবির মর্যাদা দেওয়া হয়–** ১৯৭৪ সালে।
- **নজরুল ইসলামকে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে জগত্তারিনী উপাধি দেওয়া হয়–** ১৯৪৫ সালে।
- **নজরুল ইসলামকে ভারত সরকার পদ্মভূষণ পদক প্রদান করে–** ১৯৬০ সালে।
- **নজরুল ইসলামকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডি লিট উপাধি প্রদান করে–** ৯ ডিসেম্বর ১৯৭৪।
- **কবি একুশে পদক লাভ করেন–** ১৯৭৬ সালে।
- **নজরুল ইসলামকে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ডক্টরেট ডিগ্রি প্রদান করে–** ১৯৬৯ সালে।
- **কাজী নজরুল ইসলাম মৃত্যুবরণ করেন–** ২৯ আগস্ট ১৯৭৬ (বাংলা ১২ ভাদ্র ১৩৮৩), ঢাকায়।
- **কাজী নজরুল ইসলামকে সমাহিত করা হয়–** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে।



CS CamScanner

## বাংলাদেশের জাতীয় দিবসসমূহ

| তারিখ | দিবস | তারিখ | দিবস |
|---|---|---|---|
| ১ জানুয়ারি | জাতীয় গ্রন্থ দিবস | ১ জুলাই | ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস |
| ১ জানুয়ারি | জাতীয় সমাজকল্যাণ দিবস | ৩ জুলাই | জাতীয় জন্ম নিবন্ধন দিবস |
| ২ জানুয়ারি | জাতীয় সমাজসেবা দিবস | ১১ আগস্ট | ডেঙ্গু প্রতিরোধ দিবস |
| ১০ জানুয়ারি | বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস | ১৫ আগস্ট | ইসলামি শিক্ষা দিবস |
| ১৯ জানুয়ারি | জাতীয় শিক্ষক দিবস | ১ সেপ্টেম্বর | বিএনপি'র প্রতিষ্ঠা দিবস |
| ২০ জানুয়ারি | শহিদ আসাদ দিবস | ৬ সেপ্টেম্বর | ডায়াবেটিস সেবা দিবস |
| ২৪ জানুয়ারি | গণঅভ্যুত্থান দিবস | ১৭ সেপ্টেম্বর | ঐতিহাসিক শিক্ষা দিবস |
| ২৮ জানুয়ারি | সলঙ্গা দিবস | ২৪ সেপ্টেম্বর | মীনা দিবস |
| ১ ফেব্রুয়ারি | জাতীয় কবিতা দিবস | ৩০ সেপ্টেম্বর | কন্যা শিশু দিবস |
| ২ ফেব্রুয়ারি | জাতীয় জনসংখ্যা দিবস | ২ অক্টোবর | পথ শিশু দিবস |
| ১৪ ফেব্রুয়ারি | সুন্দরবন দিবস | ০৬ অক্টোবর | জাতীয় জন্ম নিবন্ধন দিবস |
| ২১ ফেব্রুয়ারি | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ১৬ অক্টোবর | বঙ্গভঙ্গ দিবস |
| ২৫ ফেব্রুয়ারি | পিলখানা হত্যা দিবস | ২২ অক্টোবর | জাতীয় নিরাপদ সড়ক দিবস |
| ২৮ ফেব্রুয়ারি | ডায়াবেটিস দিবস | ২ নভেম্বর | জাতীয় চক্ষু ও রক্তদান দিবস |
| ১ মার্চ | জাতীয় বিমা দিবস | ৩ নভেম্বর | জেল হত্যা দিবস |
| ২ মার্চ | জাতীয় পতাকা ও জাতীয় ভোটার দিবস | ১০ নভেম্বর | শহিদ নূর হোসেন দিবস |
| ৪ মার্চ | টাকা দিবস | ১২ নভেম্বর | দুর্যোগ দিবস |
| ৬ মার্চ | জাতীয় পাট দিবস | ১৫ নভেম্বর | জাতীয় কৃষি দিবস |
| ১১ মার্চ | রাষ্ট্রভাষা দিবস | ২১ নভেম্বর | সশস্ত্র বাহিনী দিবস |
| ১৯ মার্চ | স্বাধীনতার সশস্ত্র প্রতিরোধ দিবস | ৩০ নভেম্বর | জাতীয় আয়কর দিবস |
| ২৫ মার্চ | গণহত্যা দিবস | ১ ডিসেম্বর | মুক্তিযোদ্ধা দিবস |
| ২৬ মার্চ | স্বাধীনতা দিবস (জাতীয় দিবস) | ৩ ডিসেম্বর | বাংলা একাডেমি দিবস |
| ১৭ এপ্রিল | মুজিবনগর দিবস | ৬ ডিসেম্বর | স্বৈরাচার পতন দিবস |
| ৭ মে | ইঞ্জিনিয়ার্স ডে | ৭ ডিসেম্বর | বেসামরিক বিমান চলাচল দিবস |
| ১১ মে | কুরআন শরিফ দিবস | ৮ ডিসেম্বর | জাতীয় টিকা দিবস |
| ১৬ মে | ফারাক্কা লং মার্চ দিবস | ৮ ডিসেম্বর | জাতীয় যুব দিবস |
| ২৮ মে | নিরাপদ মাতৃত্ব দিবস | ৯ ডিসেম্বর | বেগম রোকেয়া দিবস |
| ৩০ মে | জিয়াউর রহমানের শাহাদত দিবস | ১৪ ডিসেম্বর | শহিদ বুদ্ধিজীবী দিবস |
| ১৬ জুন | সংবাদপত্রের কালো দিবস | ১৬ ডিসেম্বর | বিজয় দিবস |
| ২৩ জুন | পলাশি দিবস | ১ অগ্রহায়ণ | জাতীয় কৃষি দিবস |
| ২৩ জুন | আওয়ামী লীগ প্রতিষ্ঠা দিবস | ১ বৈশাখ | বই উপহার দিবস |
| ৭ জুন | ছয় দফা দিবস | | |

বি.দ্র.: বাংলাদেশের ২৬ মার্চকে স্বাধীনতা দিবস ঘোষণা করা হয়– ৩ অক্টোবর ১৯৮০।

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. জাতীয় শিশু দিবস কোনটি? [NU-Science : 12-13]
Ⓐ ১৫ আগস্ট Ⓑ ২১ ফেব্রুয়ারি
Ⓒ ১৭ মার্চ Ⓓ ২৩ সেপ্টেম্বর Ans Ⓒ
Note : অক্টোবর ২০২৪ জাতীয় শিশু দিবসসহ ৮টি দিবস বাতিল করা হয়।

02. বাংলাদেশের কোন স্থানটি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের স্মৃতির সাথে জড়িত? [NU-Science : 11-12]
Ⓐ চুরুলিয়া Ⓑ দরিরামপুর Ⓒ শান্তিডাঙ্গা Ⓓ কালিগঞ্জ Ans Ⓑ

03. বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাধিস্থল কোথায় অবস্থিত? [NU-Science : 02-03]
Ⓐ চুরুলিয়া পারিবারিক গোরস্থানে Ⓑ আজিমপুর গোরস্থানে
Ⓒ সংসদ ভবন চত্বরে Ⓓ ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় Ans Ⓓ

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. জাতীয় পতাকা দিবস– [BSFMSTU-C : 19-20]
Ⓐ ১৬ ডিসেম্বর Ⓑ ২ মার্চ Ⓒ ২৪ মার্চ Ⓓ ২৬ মার্চ Ans Ⓑ

02. বাংলাদেশের কৃষি দিবস পালিত হয় যে তারিখে- [BSMRSTU-G : 19-20]
Ⓐ ১লা আষাঢ় Ⓑ ১লা অগ্রহায়ণ Ⓒ ১লা বৈশাখ Ⓓ ১লা শ্রাবণ Ans Ⓑ

03. জেল হত্যা দিবস কোনটি? [JUST-E : 19-20]
Ⓐ ৩ নভেম্বর Ⓑ ৪ নভেম্বর
Ⓒ ১৪ নভেম্বর Ⓓ ১৪ ডিসেম্বর Ans Ⓐ

04. বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদক কে? [KU-B : 19-20]
Ⓐ কবীর চৌধুরী Ⓑ সৈয়দ আলী আহসান
Ⓒ সিরাজুল ইসলাম চৌধুরী Ⓓ সৈয়দ শামসুল হক Ans Ⓑ

05. কন্যা শিশু দিবস কবে? [BRUR-A : 19-20]
Ⓐ ৩০ সেপ্টেম্বর Ⓑ ৩০ আগস্ট Ⓒ ৩ মে ১৯ জুন Ans Ⓐ

06. বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে গৃহীত রবীন্দ্র-সংগীতটির রচনা স্থান– [RUB : 19-20]
Ⓐ পাবনা Ⓑ জোড়াসাঁকো Ⓒ শান্তিনিকেতন Ⓓ শিলাইদহ Ans Ⓓ

07. বাল্যবিবাহ প্রতিরোধের জরুরি সেবা নম্বর হলো– [RUB : 19-20]
Ⓐ ১০৯ Ⓑ ৩৩৩ Ⓒ ৫৬৬ Ⓓ ১১১ Ans Ⓐ

08. শহিদ বুদ্ধিজীবী দিবস হলো– [RUB : 19-20]
Ⓐ ২৫ মার্চ Ⓑ ১৭ এপ্রিল
Ⓒ ১৫ আগস্ট Ⓓ ১৪ ডিসেম্বর Ans Ⓓ

## Part 4 সম্ভাব্য MCQ

01. স্বাধীনতার পর প্রকাশিত প্রথম স্মারক ডাকটিকেটে কিসের ছবি ছিল?
Ⓐ কেন্দ্রীয় শহীদ মিনার Ⓑ দোয়েল পাখি
Ⓒ শাপলা ফুল Ⓓ ষাট গম্বুজ মসজিদ Ans Ⓐ

02. বাংলাদেশের জাতীয় প্রতীকে নিচের যেগুলো রয়েছে–
Ⓐ ধান, পান, শাপলা Ⓑ ধান, পাট, শাপলা
Ⓒ ধান, পান, পাট Ⓓ পাট, পান, শাপলা Ans Ⓑ

03. নিচের কোনটি বাংলাদেশের 'জাতীয় জরুরি সেবা' প্রদান করে থাকে?
Ⓐ ৯১১ Ⓑ ২২২ Ⓒ ৯৯৯ Ⓓ ১১১ Ans Ⓒ

04. বাংলাদেশে "গণঅভ্যুত্থান দিবস" পালিত হয় কোন তারিখে?
Ⓐ ১৯ জানুয়ারি Ⓑ ১৭ মার্চ
Ⓒ ১৪ ফেব্রুয়ারি Ⓓ ২৪ জানুয়ারি Ans Ⓓ

05. বাংলাদেশের জাতীয় পতাকার রূপকার কে?
Ⓐ জয়নুল আবেদিন Ⓑ কামরুল হাসান
Ⓒ হাশেম খান Ⓓ এস. এম. সুলতান Ans Ⓑ

06. বাংলাদেশের রণসংগীতের রচয়িতা কে?
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ জসীম উদ্‌দীন Ⓓ শামসুর রাহমান Ans Ⓑ

07. বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদ কে করেন?
Ⓐ সৈয়দ আলী আহসান Ⓑ কবির চৌধুরী
Ⓒ শামসুর রাহমান Ⓓ সৈয়দ শামসুল হক Ans Ⓐ

08. বাংলাদশের জাতীয় পতাকার নকশা কে প্রণয়ন করেছেন?
Ⓐ কামরুল হাসান Ⓑ জয়নুল আবেদিন
Ⓒ শাহাবুদ্দীন আহমেদ Ⓓ এস. এম. সুলতান Ans Ⓐ



CamScanner

# বাংলাদেশের জনসংখ্যা, শিক্ষা ও নৃ-গোষ্ঠী

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- জনসংখ্যার দিক থেকে বাংলাদেশের অবস্থান বিশ্বে - অষ্টম।
- জনসংখ্যায় এশিয়ায় বাংলাদেশের অবস্থান - পঞ্চম।
- জনসংখ্যায় মুসলিম বিশ্বে বাংলাদেশের অবস্থান - চতুর্থ।
- জনসংখ্যায় বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় - তৃতীয়।
- জনসংখ্যায় সার্কভুক্ত দেশে বাংলাদেশের অবস্থান - তৃতীয়।
- উপমহাদেশের প্রথম আদমশুমারি হয় - ১৮৭২ সালে।
- বাংলাদেশে এযাবৎ আদমশুমারি হয় - ৬টি। যথা- ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১ এবং ২০২২ সালে।
- বাংলাদেশে ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা হয় - ২০২২ সালে (প্রতি দশ বছর পরপর জনশুমারি অনুষ্ঠিত হয়)।
- বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় - ১৯৭৪ সালে।
- বাংলায় প্রথম দশ বছরভিত্তিক আদমশুমারি অনুষ্ঠিত হয় - ১৮৭২ সালে।
- মেটাসিটি - ২ কোটি বা ২০ মিলিয়নের অধিক জনসংখ্যা অধ্যুষিত মেট্রোপলিটন এলাকা।
- মেগাসিটি - যেখানকার মোট জনসংখ্যা এক কোটি বা তার ওপরে।
- ঢাকা বর্তমান বিশ্বের - নবম মেগাসিটি।
- জনসংখ্যার আধিক্য রোধকল্পে বাংলাদেশে জাতীয় জনসংখ্যা নীতি প্রণীত হয় - ১৯৭৬ সালে।
- বাংলাদেশে কিশোর অপরাধের বয়সসীমা - ৭ থেকে ১৬ বছর।
- বাংলাদেশের নাগরিকদের ভোটার হওয়ার জন্য সর্বনিম্ন বয়স - ১৮ বছর।
- ম্যালথাসের মতে জনসংখ্যা বাড়ে - জ্যামিতিক হারে, যেমন- ১,২,৪,৮,১৬।
- জনসংখ্যাবিষয়ক গবেষণা প্রতিষ্ঠান National Institute of Population Research and Training (NIPORT)-এর অবস্থান - আজিমপুর, ঢাকা (১৯৭৭)।
- বাংলাদেশে সবচেয়ে কম দারিদ্র্য সীমার নিচে বাস করে - নারায়ণগঞ্জ জেলার লোক।
- বাংলাদেশে সবচেয়ে বেশি দারিদ্র্য সীমার নিচে বাস করে - কুড়িগ্রাম জেলার লোক।
- পার্বত্য চট্টগ্রামের আদিবাসীদের প্রধান উৎসব - বৈসাবি।
- পাঙন উপজাতিদের ধর্ম - ইসলাম।
- রাখাইনরা সবচেয়ে বেশি বাস করে - পটুয়াখালীতে।
- বাংলাদেশে প্রতিষ্ঠিত প্রথম উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র - উপজাতীয় সাংস্কৃতিক একাডেমি; বিরিশিরি।
- বিরিশিরি- ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত হয় নেত্রকোণা জেলায়। এটি সোমেশ্বরী নদীর তীরে অবস্থিত।
- পার্বত্য চট্টগ্রাম, রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলায় বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা - ১১টি মতান্তরে ১৩টি।
- বাংলাদেশে সবচেয়ে শিক্ষিত এবং বৃহত্তম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী - চাকমা।
- মণিপুরিদের পূর্বপুরুষের নাম - মাইতে।
- মণিপুরি নৃত্য - সিলেট অঞ্চলের।
- বাংলাদেশে বাস করে না - মাউরি, মুর (মুসলিম উপজাতি), জুলু, নিগ্রো, দ্রাবিড়, নাগা, পিগমি, কুলু, কুর্দি, আফ্রিদি, টোডা, শেরপা প্রভৃতি উপজাতি।
- ব্রিটিশ বণিকদের বিরুদ্ধে নৃগোষ্ঠী নেতা বিদ্রোহ করেছিলেন - জোয়ান বক্স খাঁ।
- উপজাতিদের জীবনধারা নিয়ে সর্বাধিক বই লেখেন - আবদুস সাত্তার; আরণ্য জনপদে ও আরণ্য সংস্কৃতি।
- জুম চাষের বিকল্প পদ্ধতি - সল্ট।
- সাঁওতাল বিদ্রোহ সংঘটিত হয় - ১৮৫৫-৫৬ সালে (ভারতের পশ্চিমবঙ্গের ভগনাডিহি গ্রামে সাঁওতাল বীর সিধু-কানুর নেতৃত্বে)।
- আরাং চ্যাং বা রাজ উৎসব - খুমিদের সবচেয়ে বড় উৎসব।
- শান্তিবাহিনীর প্রতিষ্ঠাতা - মানবেন্দ্র লারমা।
- দেশের একমাত্র উপজাতি খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা - ইউ কে চিং মারমা। বীর বিক্রম উপাধিতে ভূষিত।
- পার্বত্য চট্টগ্রামের সার্কেল ৩টি - চাকমা, মং, বোমাং সার্কেল।
- শিক্ষার জন্য সাংবিধানিক অঙ্গীকার বাংলাদেশের সংবিধানের - ১৭ নং অনুচ্ছেদে বর্ণিত আছে।
- বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাশ হয় - ১৯৯০ সালে।
- বাংলাদেশে প্রথম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করা হয় - ১ জানুয়ারি ১৯৯২।
- দেশে প্রাথমিক শিক্ষার বয়সসীমা - ৬ - ১১+ বছর।
- বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম সারাদেশে চালু হয় - ১ জানুয়ারি ১৯৯৩।
- বাংলাদেশের প্রথম নিরক্ষরমুক্ত জেলা - মাগুরা।
- বাংলাদেশের প্রথম নিরক্ষরমুক্ত গ্রাম - কেষ্টপুর, ঠাকুরগাঁও।
- মাধ্যমিক শ্রেণির ফল প্রকাশের জন্য গ্রেডিং পদ্ধতির অবলম্বন করা হয় - ২০০১ সাল থেকে।
- বাংলাদেশে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ প্রতিষ্ঠিত হয় - ১৯৯২ সালে।
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় গঠিত হয় - ২ জানুয়ারি ২০০৩।
- দেশের একমাত্র পূর্ণাঙ্গ আবাসিক বিশ্ববিদ্যালয় - জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের জমি দান করেন - নবাব স্যার সলিমুল্লাহ।
- বাংলাদেশ নগর গবেষণা কেন্দ্র অবস্থিত - ঢাকা বিশ্ববিদ্যালয়ে।
- সমুদ্র বিদ্যা ইনস্টিটিউট - চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- কিন্ডারগার্টেন পদ্ধতির প্রবর্তক - জার্মানির ফ্রোয়েবেল।
- বাংলাদেশ মিলিটারি একাডেমি অবস্থিত - চট্টগ্রামের ভাটিয়ারিতে (১৯৭৪ সালে প্রতিষ্ঠিত)।
- বাংলাদেশ মেরিন একাডেমি অবস্থিত - চট্টগ্রামের জলদিয়াতে (১৯৬২ সালে প্রতিষ্ঠিত)।
- বাংলাদেশের নেভাল একাডেমি অবস্থিত - পতেঙ্গা, চট্টগ্রাম (১৯৭৬ সালে প্রতিষ্ঠিত)।
- বাংলাদেশ পুলিশ একাডেমি অবস্থিত - সারদা, রাজশাহী (১৯১২ সালে প্রতিষ্ঠিত)।
- বাংলাদেশ এয়ারফোর্স একাডেমি প্রতিষ্ঠা হয় - ১৯৭৪ সালে।
- প্রাচ্যের অক্সফোর্ড হিসেবে খ্যাত - ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাক্ট পাশ হয় - ১৩ মার্চ ১৯২০।
- একসময় সংসদ কার্যক্রম চলত ঢাকা বিশ্ববিদ্যালয়ের - জগন্নাথ হলে।
- মুক্তি ও গণতন্ত্র তোরণ অবস্থিত - নীলক্ষেতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রবেশ মুখে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শোক দিবস পালিত হয় - ১৫ অক্টোবর।
- বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষদ - ১৩টি।
- প্রতিষ্ঠাকালীন সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভাগ ছিল - ১২টি (বর্তমানে ৮৩টি)।
- বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট - ১৩টি।
- বঙ্গবন্ধু ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের - আইন বিভাগের ছাত্র।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয় - ২২ ফেব্রুয়ারি ১৯২৩।
- প্রথম ভিসি- পি জে হার্টগ।
- মুক্তিযুদ্ধ চলাকালীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ছিলেন - বিচারপতি আবু সাঈদ চৌধুরী
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসি পদ সৃষ্টি করা হয় - ১৯৭৬ সালে।
- প্রথম নারী প্রো-ভিসি- অধ্যাপক নাসরিন আহমাদ।
- প্রথম মহিলা শিক্ষক- করুণাকণা গুপ্ত (ইতিহাস বিভাগ)।
- প্রথম ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভকারী- হরপ্রসাদ শাস্ত্রী।
- প্রথম ডক্টর অব লজ ডিগ্রি লাভকারী- লর্ড ডানডাস।
- প্রথম সমাবর্তন- ১৯২৩ সালের ২২ ফেব্রুয়ারি।
- সর্বশেষ ৫৪তম সমাবর্তন- ২৬ অক্টোবর, ২০২৩।
- প্রথম মুসলিম ছাত্রী- ফজিলাতুন্নেসা জোহা।
- প্রথম চ্যান্সেলর- লর্ড ডানডাস।
- প্রথম প্রো-ভিসি- প্রফেসর মফিজুল্লাহ কবির।
- ডাকসু প্রতিষ্ঠিত হয়- ১৯২৩ সালে।
- প্রথম মহিলা ডিন- বেগম আজিজুন্নেসা।
- প্রথম ডাকসু নির্বাচন- ১৯২৪ সাল।
- প্রথম ছাত্রী- লীলা নাগ

## Part 2 জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশ্নোত্তর

01. সাঁওতাল সমাজের অধিকাংশ জনগোষ্ঠী বাস করে- [NU-Science : 02-03]
Ⓐ সিলেট জেলায় Ⓑ চট্টগ্রাম জেলায়
Ⓒ কক্সবাজার জেলায় Ⓓ রাজশাহী জেলায়
Ans Ⓓ



CamScanner

## Part 3 জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার উপযোগী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিগত প্রশ্নোত্তর

01. রাখাইন ক্ষুদ্র নৃগোষ্ঠী কোন নরগোষ্ঠীর বৈশিষ্ট্য ধারণ করে? [GST-B : 22-23]
Ⓐ ককেশয়েড Ⓑ মঙ্গোলয়েড
Ⓒ নিগ্রোয়েড Ⓓ দ্রাবিড়ীয় **Ans B**

02. প্রথম মহিলা জাতীয় অধ্যাপকের নাম- [BSMRSTU-G : 19-20]
Ⓐ ড. নীলিমা ইব্রাহীম Ⓑ ড. সুফিয়া কামাল
Ⓒ ড. শায়লা হাসান Ⓓ ড. খালেদা খানম **Ans B**

03. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কবে গঠিত হয়? [JUST-D : 19-20]
Ⓐ ১৬ ডিসেম্বর ১৯৭২ Ⓑ ১৬ ডিসেম্বর ১৯৭৫
Ⓒ ১৬ ডিসেম্বর ১৯৭৩ Ⓓ ১০ ডিসেম্বর ১৯৭১ **Ans A**

04. 'বিহু' বাংলাদেশের কোন নৃ-গোষ্ঠীর উৎসব? [NSTU-D : 19-20]
Ⓐ গারো Ⓑ চাকমা
Ⓒ সাঁওতাল Ⓓ মারমা **Ans B**

05. ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী প্রথম ছাত্রীর নাম কী? [HSTU-C : 19-20]
Ⓐ বেগম সুফিয়া কামাল Ⓑ জাহানারা ইমাম
Ⓒ লীলা নাগ Ⓓ প্রীতিলতা ওয়াদ্দেদার **Ans C**

06. কোন বিভাগে সাক্ষরতার হার সর্বাধিক? [HSTU-C : 19-20]
Ⓐ ঢাকা বিভাগ Ⓑ রাজশাহী বিভাগ
Ⓒ বরিশাল বিভাগ Ⓓ খুলনা বিভাগ **Ans A**

07. বাংলাদেশের যে নৃগোষ্ঠী পাহাড়ে বাস করে না- [RUB : 19-20]
Ⓐ মারমা Ⓑ তঞ্চাঙ্গ্যা
Ⓒ মুরং Ⓓ সাঁওতাল **Ans D**

08. বাংলাদেশে উপানুষ্ঠানিক শিক্ষাবিস্তার কার্যক্রম শুরু হয় কত সালে? [BRUR-A : 19-20]
Ⓐ ১৯৭৬ Ⓑ ১৯৭৯
Ⓒ ১৯৯০ Ⓓ ১৯৯১ **Ans D**

09. 'ওয়ানগালা' কাদের উৎসব? [BRUR-A : 19-20]
Ⓐ কুকিদের Ⓑ গারোদের
Ⓒ চাকমাদের Ⓓ মারমাদের **Ans B**

## Part 4 সম্ভাব্য MCQ

01. কোন জেলায় 'ওরাঁও'দের জনসংখ্যা বেশি?
Ⓐ বান্দরবান Ⓑ চট্টগ্রাম
Ⓒ নওগাঁ Ⓓ সিলেট **Ans C**

02. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলিম ভাইস চ্যান্সেলর কে ছিলেন?
Ⓐ এম আর খান Ⓑ মুহাম্মদ আবদুল হাই
Ⓒ স্যার হাসান আবদুল করিম Ⓓ স্যার এ এফ রহমান **Ans D**

03. কোন বিখ্যাত বিজ্ঞানী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন?
Ⓐ মাকসুদ আলম Ⓑ জাফর ইকবাল
Ⓒ জামাল নজরুল ইসলাম Ⓓ আবদুস সালাম **Ans C**

04. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবস কোনটি?
Ⓐ ২১ নভেম্বর Ⓑ ১৭ নভেম্বর
Ⓒ ১৮ নভেম্বর Ⓓ ১৭ ডিসেম্বর **Ans C**

05. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে?
Ⓐ অধ্যাপক আবুল ফজল Ⓑ ড. এ.আর. মল্লিক
Ⓒ ড. আবদুল করিম Ⓓ ড. আবদুল আজিজ খান **Ans B**

06. রাখাইন সম্প্রদায় প্রধানত কোন জেলায় বাস করে?
Ⓐ কক্সবাজার Ⓑ রাঙ্গামাটি
Ⓒ সিলেট Ⓓ ময়মনসিংহ **Ans A**

07. গারো উপজাতি কোন জেলায় বাস করে?
Ⓐ পার্বত্য চট্টগ্রাম Ⓑ সিলেট
Ⓒ ময়মনসিংহ Ⓓ রাজশাহী **Ans C**

08. বাংলাদেশে বাস করে না এরূপ উপজাতি কোনটি?
Ⓐ সাঁওতাল Ⓑ মাউরি
Ⓒ মুরং Ⓓ গারো **Ans B**

# বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থা

## Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সড়ক ও জনপথ (সওজ) -এর বর্তমান নাম - সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ।
- বাংলাদেশ সড়ক পরিবহণে নিয়োজিত সরকারি সংস্থার নাম - বিআরটিসি (বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন)। বিআরটিসি প্রতিষ্ঠিত হয় ১৯৬১ সালে।
- পানাম সেতু অবস্থিত - নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ের পঙ্খী খালের ওপর (১৭ শতকে মোগল আমলে নির্মিত)।
- ঢাকা-কলকাতা বাণিজ্যিক ভিত্তিতে বাস চলাচল শুরু হয় - ৯ জুলাই ১৯৯৯; (সৌহার্দ্য ও শ্যামলী পরিবহণ)।
- বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল যানবাহন চলাচল চুক্তি (Bangladesh, Bhutan, India, Nepal (BBIN) Motor Vehicles Agreement (MVA) স্বাক্ষরিত হয়- ১৫ জুন ২০১৫।
- বাংলাদেশের সবচেয়ে উঁচু সড়ক - বান্দরবানে নির্মিত থানচি-আলীকদম সড়ক (সমুদ্র সমতল থেকে ২৫০০ ফুট উঁচুতে অবস্থিত)।

### পদ্মা সেতু

- পদ্মা সেতু - দেশের সবচেয়ে বড় সেতু (দৈর্ঘ্য– ৬.১৫ কি.মি. প্রস্থ– ১৮.১০ মি.)।
- পদ্মা সেতুতে অর্থায়ন করেছে - বাংলাদেশ সরকার।
- এ সেতু - দ্বিতল বিশিষ্ট (ওপরে সড়ক ও নিচে রেল)
- সেতুটি নির্মিত হয়েছে - শরীয়তপুরের জাজিরা ও মুন্সিগঞ্জের মাওয়া পয়েন্টে।
- পদ্মা সেতু নির্মাণের দায়িত্ব লাভ করে- চীনের মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি।
- পদ্মা সেতু নির্মাণে নদী শাসনের কাজ করেছে - চীনের সিনোহাইড্রো কর্পোরেশন।
- পদ্মা সেতু আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় - ২৫ জুন ২০২২।

### বঙ্গবন্ধু সেতু

- বাংলাদেশের ২য় দীর্ঘতম সড়ক সেতু - বঙ্গবন্ধু বহুমুখী সেতু।
- বঙ্গবন্ধু সেতুর পূর্বনাম - যমুনা বহুমুখী সেতু।
- বঙ্গবন্ধু সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয় - ১০ এপ্রিল ১৯৯৪।
- বঙ্গবন্ধু সেতুর দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে - ৪.৮ কিলোমিটার ও ১৮.৫০ মিটার।

### গুরুত্বপূর্ণ আরও কয়েকটি সেতু

- হার্ডিঞ্জ ব্রিজ (দেশের একমাত্র একক বৃহত্তম রেল সেতু) অবস্থিত - পাবনা জেলায় পদ্মা নদীর ওপর। ১৯১৫ সালে লর্ড হার্ডিঞ্জ কর্তৃক নির্মিত (যুক্ত করেছে পাবনা ও কুষ্টিয়া জেলাকে)।
- ফকির মজনু শাহ্ সেতু অবস্থিত - গাজীপুরের কাপাসিয়ার শীতলক্ষ্যা নদীর ওপর।
- খান জাহান আলী সেতু অবস্থিত - খুলনার রূপসা নদীর ওপর; দৈর্ঘ্য ১.৩৬ কিলোমিটার।
- দ্বিতীয় পদ্মা সেতু নির্মিত হবে - পাটুরিয়া-দৌলতদিয়া পয়েন্টে পদ্মা নদীর ওপর।
- লালন শাহ্ সেতুর অবস্থান - পদ্মা নদীর ওপর (পাবনা-কুষ্টিয়া)।
- কর্ণফুলি নদীর ওপর নির্মিত সেতুর নাম - শাহ আমানত সেতু।
- হার্ডিঞ্জ ব্রিজের দৈর্ঘ্য - ১.৮ কিলোমিটার বা ৫,৮৯৪ ফুট।



CamScanner

## রেলপথ

- উপমহাদেশে সর্বপ্রথম রেলগাড়ি চালু করেন - লর্ড ডালহৌসি (১৮৫৩ সালে)।
- দেশে প্রথম রেললাইন স্থাপিত হয় - ১৮৬২ সালে (দর্শনা হতে কুষ্টিয়া পর্যন্ত)।
- বাংলাদেশের বৃহত্তম রেলওয়ে স্টেশন - ঢাকার কমলাপুর রেলওয়ে স্টেশন (স্থপতি বব বুই)।
- রেলওয়ের সার্বিক সদর দপ্তর অবস্থিত - রমনা, ঢাকা।
- বাংলাদেশ রেলওয়ে বিভক্ত - পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল।
- রেলওয়ের পূর্বাঞ্চলের সদর দপ্তর - চট্টগ্রাম।
- রেলওয়ের পশ্চিমাঞ্চলের সদর দপ্তর - রাজশাহী।
- কমলাপুর রেল স্টেশনের স্থপতি- বব বুই।
- বাংলাদেশে রেলপথ নেই - বরিশাল বিভাগে।
- সর্বশেষ রেলপথ সংযোজিত- কক্সবাজার জেলায়।
- বাংলাদেশে রেলওয়ের সর্ববৃহৎ কারখানা- সৈয়দপুর, নীলফামারী (১৮৭০)।
- বাংলাদেশে রেলপথ রয়েছে - ৪৮টি জেলায় (নেই ১৬টি জেলায়)।
- বাংলাদেশের দীর্ঘতম রেলরুট - ঢাকা থেকে পঞ্চগড় (৬৩৯ কিলোমিটার)।
- বাংলাদেশের দ্বিতীয় দীর্ঘতম রেলসেতু - ভৈরব ব্রিজ (১৯৩৭ সালে মেঘনা নদীর ওপর নির্মিত হয়)।
- বাংলাদেশে রেল পথ আছে - ৩ প্রকার: ব্রডগেজ, মিটার গেজ এবং ডুয়েল গেজ।
- বাংলাদেশে রেলওয়ে কারখানা আছে - ৬টি। সৈয়দপুরে ১টি, পাহাড়তলীতে ২টি, পার্বতীপুরে ২টি এবং ঢাকাতে ১টি।

## মেট্রোরেল

**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) :** শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) কর্তৃক ঢাকা মহানগরীর ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে ২০৩০ সালের মধ্যে ৬টি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নির্মাণের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উত্তরা থেকে কমলাপুর স্টেশন পর্যন্ত নির্মাণাধীন মেট্রোরেলের দৈর্ঘ্য ২১.২৬ কিলোমিটার এবং স্টেশন সংখ্যা ১৭টি। প্রকল্পটিতে অর্থায়ন করছে বাংলাদেশ সরকার ও জাইকা। উল্লেখ্য উত্তরা থেকে আগারগাঁও (১১.৭৩ কি.মি.) আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় ২৮ ডিসেম্বর ২০২২।

## নৌপথ

- নদীপথে ঢাকার সাথে সরাসরি সংযুক্ত নয় - রাঙ্গামাটি জেলা।
- বাংলাদেশের প্রথম বাণিজ্য জাহাজ - বাংলার দূত।
- বাংলাদেশ মেরিন একাডেমি প্রতিষ্ঠিত হয় - ১৯৬২ সালে।
- বাংলাদেশ মেরিন একাডেমি অবস্থিত- জলদিয়া, চট্টগ্রাম।
- বাংলাদেশে নির্মিত বৃহত্তম জাহাজ - এনজিয়ান।
- দেশের প্রথম ইনল্যান্ড নৌ টার্মিনাল অবস্থিত - পানগাঁও, কেরানিগঞ্জ।

## আকাশ পথ

- বাংলাদেশ বিমান সংস্থার নাম - বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড (গঠিত হয় ৪ জানুয়ারি ১৯৭২)।
- স্বাধীন বাংলাদেশে 'বেসামরিক সামরিক বিমান চলাচল অধিদপ্তর' কার্যক্রম শুরু করে - ডিসেম্বর ১৯৭১ (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন)।
- বাংলাদেশ বিমানের স্লোগান - Your home in the sky (আকাশে শান্তির নীড়)।
- বাংলাদেশ বিমানের প্রতীক - উদীয়মান সূর্যের মাঝে উড়ন্ত বলাকা।
- বাংলাদেশে আন্তর্জাতিক বিমানবন্দর - ৩টি (যথা- হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা; শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট। এছাড়া অভ্যন্তরীণ বিমানবন্দর রয়েছে ৮টি জেলায়)।
- বাংলাদেশের প্রধান বিমানবন্দর- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর (১৯৮০)।
- হযরত শাহজালাল বিমানবন্দরের স্থপতি- লারোস।
- বাংলাদেশ বিমানের প্রথম আন্তর্জাতিক ফ্লাইট চালু হয় - ৪ মার্চ ১৯৭২ (ঢাকা-লন্ডন-ঢাকা রুটে)।
- বাংলাদেশ বিমানের প্রথম অভ্যন্তরীণ ফ্লাইট চালু হয় - ৫ মার্চ ১৯৭২ (ঢাকা-চট্টগ্রাম রুটে)।
- সিলেট ওসমানী বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তর করা হয় - ১৫ মে ১৯৯৯।
- চট্টগ্রাম বিমানবন্দর থেকে সরাসরি আন্তর্জাতিক ফ্লাইট চালু হয় - ২৭ অক্টোবর ১৯৯৯।
- বিমানের সম্মুখভাগে বিমান চালকদের বসার স্থানকে বলা হয় - ককপিট।
- বাংলাদেশ বিমানের প্রথম মহিলা পাইলট - কানিজ ফাতেমা রোকসানা।
- বাংলাদেশ বিমানবাহিনীর ট্রেনিং সেন্টার অবস্থিত - যশোর।
- বাংলাদেশ বিমানবাহিনীর সদর দপ্তর অবস্থিত - বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতীক 'বলাকা'-এর ডিজাইনার - কামরুল হাসান।
- বাংলাদেশ বিমানের বহরে সংযোজিত হয়েছে - ৬টি ড্রিমলাইনার। এর মধ্যে আকাশবীণা, হংসবলাকা, গাঙচিল ও রাজহংস বোয়িং ৭৮৭-৮ মডেলের এবং সোনারতরী ও অচিন পাখি বোয়িং ৭৮৭-৯ মডেলের।
- বাংলাদেশ বিমান বহরে যুক্ত হওয়া সর্বশেষ বিমান - ধ্রুবতারা, আকাশ তরী ও শ্বেত বলাকা (কানাডার তৈরি ড্যাশ ৮-৪০০ মডেলের)।

## বাংলাদেশের বন্দরসমূহ

- বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ গঠিত হয় - ১৪ জুন ২০০১।
- বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রধান দপ্তর অবস্থিত - ঢাকায়।
- বাংলাদেশে বর্তমানে স্থলবন্দরের সংখ্যা - ২৫টি।
- বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর - বেনাপোল স্থলবন্দর, যশোর (২০০২)।
- বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম স্থলবন্দর - হিলি, দিনাজপুর।
- সর্বাধিক স্থলবন্দর- সিলেট জেলায় (৩টি)।
- মিয়ানমারের সাথে বাংলাদেশের একমাত্র স্থলবন্দর- টেকনাফ।
- সর্বশেষ স্থলবন্দর (২৫তম) - মুজিবনগর স্থলবন্দর, মেহেরপুর।
- বাংলাদেশের সমুদ্রবন্দর - ৩টি।
- বাংলাদেশের ৩টি সমুদ্রবন্দর যথাক্রমে - প্রথম চট্টগ্রাম সমুদ্রবন্দর, দ্বিতীয় মোংলা সমুদ্রবন্দর (বাগেরহাট) এবং তৃতীয় পায়রা সমুদ্রবন্দর (পটুয়াখালী)।
- চট্টগ্রাম সমুদ্রবন্দর অবস্থিত - কর্ণফুলি নদীর তীরে (২৫ এপ্রিল ১৮৮৭)।
- মোংলা সমুদ্রবন্দর অবস্থিত - পশুর নদীর তীরে (১ ডিসেম্বর ১৯৫০)।
- স্বাধীন বাংলাদেশে নির্মিত প্রথম সমুদ্র বন্দর - পায়রা সমুদ্রবন্দর।
- বাংলাদেশের প্রবেশদ্বার - চট্টগ্রাম সমুদ্র বন্দর।
- চট্টগ্রাম সমুদ্রবন্দরের মাধ্যমে - ৯২% কার্যক্রম সম্পন্ন হয়।
- গভীর সমুদ্রবন্দর স্থাপন করা হচ্ছে - কক্সবাজার জেলার মহেশখালীর মাতারবাড়িতে।
- বাংলাদেশের বর্তমান নদীবন্দরের সংখ্যা - ৫৪টি।
- বাংলাদেশের প্রধান ও বৃহত্তম নদীবন্দর - নারায়ণগঞ্জ (শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত)।

## বাংলাদেশের টেলিযোগাযোগ ব্যবস্থা

- বাংলাদেশ টেলিগ্রাফ ও টেলিফোন (টিএন্ডটি) আত্মপ্রকাশ করে - ১৯৭১ সালে।
- বাংলাদেশ টেলিগ্রাফ ও টেলিফোন (টিএন্ডটি) বোর্ডের সদর দপ্তর অবস্থিত - ঢাকাতে।
- বাংলাদেশে সর্বপ্রথম কার্ডফোন ব্যবস্থা চালু হয় - ৩ সেপ্টেম্বর ১৯৯২।
- 'ভি স্যাট' *Very Small Aperture Terminal (VSAT)* - বহির্বিশ্বের সাথে ডেটা আদান-প্রদানের মাধ্যম।
- বাংলাদেশে ইন্টারনেট ব্যবস্থা চালু হয় - ৪ জুন ১৯৯৬।
